


NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

EKDIN

# একদিন

এগিয়ে চলার সঙ্গী




৩ বাম আমলে সেফ প্যাসেজ, তৃণমূলের আমলে জঙ্গিদের সুরক্ষিত ঘর: শমীক

‘গেরুয়া রাজনৈতিক রং নয়’, আদ্যাপীঠে বার্তা মুখ্যমন্ত্রীর ৩

কলকাতা ১৩ অগস্ট ২০২৬ ২৭ শ্রাবণ ১৪৩৩ বৃহস্পতিবার বিংশ বর্ষ ৬৪ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 13.08.2026, Vol. 20 Issue No. 64, 8 Pages, Price 3.00

# ফের জালে দুই পাক জঙ্গি

**নিজস্ব প্রতিবেদন:** হামিম মণ্ডলকে নিয়ে রাজ্য রাজনীতিতে আলোচনা এখনও থিতিয়ে যায়নি। তার মাঝেই স্বাধীনতা দিবসের আগেই গ্রেপ্তার দুই পাকিস্থানি জঙ্গি। বাংলাদেশে পালানোর আগেই দুই সন্দেহভাজন আইএসআই জঙ্গিকে গ্রেপ্তার করলো এসটিএফ। বুধবার দু’জনকেই বারাসাত আদালতে তোলা হলে বিচারক তাদের ১৪ দিনের এসটিএফ হেপাজতের নির্দেশ দেন বলে জানান সরকার পক্ষের আইনজীবী প্রসেনজিৎ রানা। সরকারি কৌসুলি জানান, দুই জনই পাকিস্তানের গুপ্তচর হিসেবে কাজ করছিল। তারা দু’জনই পাকিস্তানের বাদিন্দা। তাদের কাছ থেকে পাকিস্থানের পরিচয়পত্র পাওয়া গিয়েছে।



গোপন সূত্রে খবর পেয়ে ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী বনগাঁ এলাকা থেকে আন্তর্জাতিক গোয়েন্দা সংস্থা আইএসআই-এর এক কুখ্যাত সন্দেহভাজন এজেন্টকে গ্রেপ্তার করল রাজ্য গোয়েন্দা পুলিশের স্পেশাল টাস্ক ফোর্স। ধৃত ব্যক্তির নাম রানা রউফ। তদন্তকারীদের চাঞ্চল্যকর দাবি, নেপাল সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশ করার পর দীর্ঘদিন ধরে নাম-পরিচয় ভাঁড়িয়ে বহাল তবিয়তে রাজ্যেই ডেরা বেঁধেছিল এই পাক নাগরিক। শুধু তাই নয়, কলকাতা এবং তার সংলগ্ন এলাকা থেকে দেশের সামরিক ও জরুরি পরিকাঠামোর গোপন তথ্য শত্রুদেশের হাতে পাচার করাই ছিল তার মূল লক্ষ্য। এদিকে এসটিএফ সূত্রে এ খবরও মিলেছে, ধৃতকে টানা জেরা করে তপসিয়া এলাকা থেকে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। অভিযোগ, এই ব্যক্তিই রানাকে ভারতে থাকার বন্দোবস্ত করে দিয়েছিল এবং জালিয়াতি করে ভুয়ো নথিপত্র তৈরিতে মূল সাহায্যকারী হিসেবে কাজ করেছিল। যখনই রানা কলকাতায় আসত, তপসিয়ার এই ডেরাতেই এসে উঠত। তবে এই ব্যক্তি বা রানার সাথে বর্ধমানের জিম থেকে গ্রেপ্তার হওয়া জইশ-ই-মহম্মদের সন্দেহভাজন সদস্য হামিম মণ্ডলের সরাসরি কোনো সংযোগ রয়েছে কি না, তা খতিয়ে দেখছেন গোয়েন্দারা।


তদন্তে নেমে গোয়েন্দারা জানতে পেরেছেন, রানা রউফের মূল বাড়ি পাকিস্তানের ফয়জলাবাদে। সেখানেই তার জন্ম ও বেড়ে ওঠা। এরপরই পাকিস্তানি গোয়েন্দা সংস্থা আইএসআই-এর নজরে আসে সে এবং নাম লেখায় গুপ্তচরবৃত্তির চরে। ভারতে অনুপ্রবেশের আগে বেশ কিছুদিন নেপালে ঘাঁটি গেড়েছিল রানা। সেখান থেকেই ২০১২ সালে সীমান্ত পেরিয়ে ছক কষে প্রবেশ করে ভারতে। ভারতে ঢোকার পরেই নিজের অতীতের সমস্ত পরিচয় ও নথি মুছে ফেলে সে। আশ্রয় নেয় কলকাতার তপসিয়া এলাকায়।

নিজের আসল পরিচয় গোপন রাখতে সে গ্রহণ করে নতুন নাম ওয়াহাব আলম। একইসঙ্গে তপসিয়ার ভুয়া ঠিকানা ব্যবহার করে বানিয়ে ফেলে আধার কার্ড-সহ একাধিক ভুয়ো ভারতীয় পরিচয়পত্র। এই কাজের জন্য তাকে সাহায্য করেছিল স্থানীয় এক প্রভাবশালী চক্র। এসটিএফ সূত্রের খবর, বিগত কয়েক বছর ধরে এই জাল পরিচয়পত্র ঢাল বানিয়েই ভারতে থেকে একের পর এক দেশবিরোধী কাজ চালিয়ে যাচ্ছিল রানা। তদন্তকারীদের হাতে আসা প্রাথমিক তথ্য অনুযায়ী, ভারতের সেনা, নৌসেনা এবং রেল সংক্রান্ত সংবেদনশীল খবর নিয়মিত পাকিস্তানে পাঠাত রানা। বিশেষ করে রাজ্যের একাধিক জায়গায় অবস্থিত সেনার ক্যাম্প, সামরিক পরিকাঠামো বা ইনস্টলেশন এবং তাদের গতিবিধির ছবি ও নকশা আইএসআই হ্যান্ডলারদের কাছে পৌঁছে দেওয়াই ছিল তার কাজ।

সরকারি আইনজীবী আরও জানিয়েছেন, দুই সন্দেহভাজন জঙ্গির কাছ থেকে ভারত, বাংলাদেশ ও নেপালের সিম কার্ড পাওয়া গিয়েছে। বেশকিছু হোয়াটসঅ্যাপ চ্যাট ও নথি তারা ডিলিট করে দিয়েছে। স্বাধীনতা দিবসের আগে তারা কোনও বড় নাশকতা ঘটাতে চাইছিল কি না তাও জানার চেষ্টা করতে তদন্তকারীরা। আরও বেশ কিছু নথি উদ্ধার হয়েছে, তবে তদন্তের স্বার্থে এখনই সবটা প্রকাশ্যে আনা হচ্ছে না বলেই জানান সরকারি আইনজীবী।

## পশ্চিমবঙ্গ আর সেফ করিডর নয়: মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গ আর জঙ্গিদের ‘সেফ করিডর’ নয়। রাজ্যের বিভিন্ন প্রান্তে সন্দেহভাজন জঙ্গি গ্রেপ্তারের ঘটনাকে সামনে রেখে স্পষ্ট ভাষায় একথা জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নবান্নে বুধবার সাংবাদিক বৈঠকে তিনি বলেন, আগে এই ধরনের কার্যকলাপ চললেও পশ্চিমবঙ্গ পুলিশকে কার্যকর পদক্ষেপ করতে দেওয়া হতো না। এখন রাজ্য ও কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থাগুলির সমন্বিত অভিযানের ফলে একের পর এক জঙ্গি ধরা পড়ছে।



মুখ্যমন্ত্রীর বক্তব্য, বাংলাদেশ এখন জঙ্গিদের নিরাপদ ঘাঁটিতে পরিণত হয়েছে। অতীতে পাকিস্তান থেকে কাশ্মীর হয়ে পশ্চিমবঙ্গের সীমান্ত ব্যবহার করে বাংলাদেশে যাতায়াতের রুট হিসেবে এ রাজ্যকে ব্যবহার করা হতো। আগে এই ধরনের ঘটনায় অসম বা কাশ্মীরের এসটিএফ, জাতীয় তদন্তকারী সংস্থা বা অন্য রাজ্যের পুলিশ অভিযান চালাত। পশ্চিমবঙ্গ পুলিশকে সেই সুযোগ দেওয়া হতো না। এখন পরিস্থিতি বদলেছে।

তিনি বলেন, বর্তমানে রাজ্য পুলিশের এসটিএফ, সিআইডি, সাইবার শাখা, রাজ্য গোয়েন্দা বিভাগ, কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা, বিএসএফ এবং স্থানীয় পুলিশের মধ্যে সমন্বয় তৈরি হয়েছে। সেই কারণেই জঙ্গি দমন অভিযানে ধারাবাহিক সাফল্য মিলছে এবং একের পর এক গ্রেপ্তারির ঘটনা প্রকাশ্যে আসছে। মুখ্যমন্ত্রীর দাবি, এটি কোনও আকস্মিক ঘটনা নয়। দীর্ঘদিন ধরেই এই ধরনের নেটওয়ার্ক সক্রিয় ছিল। এখন শুধু তা প্রকাশ্যে আসছে, কারণ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সক্রিয়ভাবে অভিযান চালাচ্ছে। এই অভিযান ভবিষ্যতেও একইভাবে চলবে এবং জঙ্গি কার্যকলাপের বিরুদ্ধে কোনওরকম শিথিলতা দেখানো হবে না।

এক সাংবাদিক আন্তর্জাতিক যোগসূত্রের সম্ভাবনা নিয়ে প্রশ্ন করলে মুখ্যমন্ত্রী বলেন, আন্তঃরাজ্য বা আন্তর্জাতিক কোনও সংযোগ রয়েছে কি না, তা তদন্তকারী সংস্থাই খতিয়ে দেখবে।

# হাইকোর্টে বাতিল ওবিসি শংসাপত্র

## বৈধতা পেল না মমতার বিধি

**নিজস্ব প্রতিবেদন:** ২০১০ সালের পর থেকে রাজ্যে জারি করা সমস্ত ওবিসি শংসাপত্র বাতিলের নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। বুধবার বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ ঐতিহাসিক এক রায়ে স্পষ্ট ভাষায় জানিয়ে দেয়, ২০১০ সালের মে মাসের পর থেকে দেওয়া সমস্ত ওবিসি শংসাপত্র সম্পূর্ণ বেআইনি ও বাতিল বলে গণ্য হবে। তবে আদালত এ-ও স্পষ্ট করেছে যে, ২০১০ সালের মে মাসের পূর্বে প্রদত্ত ওবিসি শংসাপত্রগুলি যথারীতি বৈধ থাকবে। একই সঙ্গে যারা এই বাতিল হওয়া শংসাপত্রের ভিত্তিতে



ইতিমধ্যে সরকারি চাকরি পেয়েছেন বা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছেন, তাঁদের পদে বা ভর্তিতে এর কোনও নেতিবাচক প্রভাব পড়বে না।

উল্লেখ্য, রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকার ক্ষমতায় আসার পর ওবিসি সম্প্রদায়কে দুটি ভাগে বিভক্ত করা হয়। যার মধ্যে একটি ‘ওবিসি-এ’ (আর্থিক ও সামাজিকভাবে অত্যন্ত অনগ্রসর) এবং অপরটি ‘ওবিসি-বি’ (অনগ্রসর)। নতুন নীতিতে মোট ৬৬টি নতুন সম্প্রদায়কে ওবিসি তালিকার অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং ওবিসি সংরক্ষণের হার ৭ শতাংশ থেকে বাড়িয়ে ১৭ শতাংশে উন্নীত করা হয়। এই সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানিয়েই পরবর্তীতে কলকাতা হাইকোর্টে একাধিক জনস্বার্থ মামলা দায়ের করা হয়।

দীর্ঘ আইনি লড়াই ও শুনানির পর হাইকোর্টের ডিভিশন বেঞ্চ পর্যবেক্ষণ করে যে, ওবিসি তালিকায় এই নতুন সম্প্রদায়গুলিকে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে নিয়মমাফিক কোনও বৈজ্ঞানিক সমীক্ষা বা সুনির্দিষ্ট তথ্যপঞ্জি প্রস্তুত করা হয়নি।

## অন্নপূর্ণায় ১৭ অগস্ট থেকে তৃতীয় দফার টাকা

**নিজস্ব প্রতিবেদন: অন্নপূর্ণা যোজনার তৃতীয় পর্যায়ের অর্থ প্রদান শুরু হবে আগামী ১৭ অগস্ট থেকে। বুধবার নবান্নে সাংবাদিক বৈঠকে এই ঘোষণা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর দাবি, দীর্ঘ যাচাই-বাছাইয়ের পর এবার প্রকৃত উপভোক্তাদের ৯৯ শতাংশকে প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। একই সঙ্গে গ্রামীণ এলাকার মহিলাদের সুবিধার কথা মাথায় রেখে একাধিক যোগ্যতার শর্ত শিথিল করারও ঘোষণা করেন তিনি। পাশাপাশি, প্রকল্প নিয়ে অভিযোগ ও আপিল জানানোর জন্য পৃথক অভিযোগ পোর্টালও চালু করা হবে।**

**মুখ্যমন্ত্রী জানান, সরকারি অর্থের অপচয় রুখতেই নতুন করে আবেদন, অনলাইন পোর্টাল এবং বাড়ি-বাড়ি গিয়ে যাচাইয়ের ব্যবস্থা করা হয়েছিল। তাঁর অভিযোগ, পূর্ববর্তী সরকারের প্রকল্পে মৃত ব্যক্তি, অযোগ্য আবেদনকারী, এমনকি পুরুষদের নামও সুবিধাভোগীর তালিকায় ছিল। আধার ও ব্যাঙ্ক অ্যাকাউন্ট সংক্রান্ত অনিয়মের ফলে বহু ক্ষেত্রে মহিলাদের পরিবর্তে অন্যদের অ্যাকাউন্টে টাকা গিয়েছে। সেই অভিজ্ঞতা থেকেই স্বচ্ছতা নিশ্চিত করতে জেলা প্রশাসনের মাধ্যমে বিস্তৃত যাচাই করা হয়েছে। সরকারি তথ্য অনুযায়ী, জুনে প্রায় ২৮ লক্ষ এবং জুলাইয়ে এক কোটিরও বেশি মহিলার অ্যাকাউন্টে অর্থ পাঠানো হয়েছে। ৩১ জুলাই পর্যন্ত আবেদন গ্রহণের পর প্রায় এক কোটি ৭০ লক্ষেরও বেশি আবেদন জমা পড়ে। সেই আবেদনগুলির যাচাইয়ের কাজ প্রায় শেষ। যাঁদের যাচাই সম্পূর্ণ হয়েছে, তাঁদের অ্যাকাউন্টে ১৭ অগস্ট থেকে পর্যায়ক্রমে অর্থ পাঠানো শুরু হবে। এরপর প্রতি মাসেই দ্বিতীয় সপ্তাহের মধ্যে যোগ্য উপভোক্তাদের অ্যাকাউন্টে টাকা পাঠানোর লক্ষ্য নিয়েছে সরকার।**

## নেতাজিকে কু-কথায় কড়া নির্দেশ গ্রেপ্তারির

**নিজস্ব প্রতিবেদন:** নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে সামাজিক মাধ্যমে অপমানজনক বা কুরুচিকর মন্তব্য বরদাস্ত করা হবে না বলে স্পষ্ট জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার নবান্নে সাংবাদিক বৈঠকে তিনি ঘোষণা করেন, নেতাজিকে নিয়ে আপত্তিকর পোস্ট করা ব্যক্তিদের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার প্রাসঙ্গিক ধারায় মামলা দায়ের করে গ্রেপ্তারির প্রক্রিয়া শুরু করবে পুলিশ। একই সঙ্গে সংশ্লিষ্ট সামাজিক মাধ্যম প্ল্যাটফর্মগুলির কাছেও ওই পোস্টগুলির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আবেদন জানাবে রাজ্য সরকার।

এদিন উত্তরবঙ্গের একাধিক বিজেপি বিধায়ক ও কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আনন্দময় বর্মণের নেতৃত্বে একটি প্রতিনিধি দল মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে নেতাজিকে নিয়ে সামাজিক মাধ্যমে অপপ্রচারের বিরুদ্ধে কঠোর পদক্ষেপের দাবি জানায়। মুখ্যমন্ত্রী বলেন, প্রতিনিধি দলের দাবিকে তিনি সম্পূর্ণ সমর্থন করছেন। ডিজিপি সিদ্ধিনাথ গুপ্তা, এডিজি (আইনশৃঙ্খলা) অজয় রানাডে এবং সাইবার শাখার আধিকারিকদের অবিলম্বে ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, যারা এই ধরনের পোস্ট করেছেন, তাঁদের বিরুদ্ধে সাইবার শাখা, সিআইডি, এসটিএফ ও গোয়েন্দা সংস্থাগুলি যৌথভাবে তদন্ত করবে। শুধু পোস্টদাতাই নন, কারা লাইক, শেয়ার বা মন্তব্য করেছেন, তাঁদের ভূমিকাও খতিয়ে দেখা হবে। প্রয়োজনে ইলেকট্রনিক ডিভাইস পরীক্ষা করে বৃহত্তর কোনও চক্র জড়িত কি না, তাও দেখা হবে।

তবে আইনি পদক্ষেপের পাশাপাশি সংশ্লিষ্টদের উদ্দেশে শেষবারের মতো সতর্কবার্তাও দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, অবিলম্বে ক্ষমা চেয়ে পোস্ট মুছে ফেললেও আইনানুগ ব্যবস্থা থেকে সম্পূর্ণ রেহাই মিলবে না। আইন অনুযায়ী পুলিশ স্বাধীনভাবে পদক্ষেপ করবে এবং সরকার সেই প্রক্রিয়ায় কোনও হস্তক্ষেপ করবে না।

সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে বিজেপির রাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজের নাম উল্লেখ করা হলে মুখ্যমন্ত্রী বলেন, আইন সবার জন্য সমান।

# ‘২৪ ঘণ্টা ধরে সংসদে প্রশ্নের জবাবে রাজি’



**নয়াদিল্লি, ১২ অগস্ট:** বিরোধীদের সব প্রশ্নের উত্তর দিতে তৈরি, বুধবার জানিয়ে দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। দীর্ঘদিন ধরে অমিত শাহের বিবৃতির দাবি জানাচ্ছেন বিরোধীরা। সম্প্রতি কেন্দ্রীয় মন্ত্রী কিরণ রিজিজু জানান, অমিত শাহ বিবৃতি দেওয়ার জন্য প্রস্তুত। আর বুধবার স্বরাষ্ট্রমন্ত্রী নিজেই জানান, ২৪ ঘণ্টা আলোচনার জন্য সময় দিতে চান তিনি।

বুধবার দুপুর ৩টে থেকে বৃহস্পতিবার দুপুর ৩টে পর্যন্ত আলোচনার জন্য সময় দিতে চেয়েছেন তিনি। তবে কংগ্রেস সাংসদ রাহুল গান্ধি, শাহের বক্তব্য শুনতে নারাজ। বুধবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে অমিত শাহ বলেন, ‘একটা চিঠি লিখে জমা দিন। আমরা আজ দুপুর ৩টে থেকে আলোচনা করতে প্রস্তুত। আগামিকাল দুপুর ৩টে পর্যন্ত আলোচনা করতে চাই।’ আলোচনায় যোগ দিতে চান কি না, সেই সিদ্ধান্ত বিরোধীদের উপরেই ছেড়ে দিতে চান তিনি।

তিনি যে কোথাও পালিয়ে যাননি, বিরোধীদের জবাব দিয়েই সে কথাও বলেছেন অমিত শাহ। তিনি জানান, বাদল অধিবেশনে নিয়মিত সংসদে যাচ্ছেন তিনি। বলেন, ‘আমি সংসদে আসছি। নিজের চেম্বারেও বসছি। কিন্তু বিরোধীরা সংসদে কাজ হতে দিচ্ছে না। ওরা কোনও আলোচনাও করতে দিচ্ছে না।’

নিট প্রশ্নফাঁস নিয়ে আন্দোলনে অংশ নেওয়া যুবকদের উপর হামলার অভিযোগ, রাম মন্দিরে দানের টাকা চুরির অভিযোগ সহ একাধিক ইস্যুতে বিবৃতি চেয়ে বারবার সরব হয়েছেন বিরোধীরা। উত্তপ্ত হয়েছে সংসদ। এই প্রসঙ্গে অমিত শাহ বলেন, ‘বিরোধীরা আলোচনার দাবি জানিয়ে একটা চিঠি জমা দিক, তারপরই সরকার বিষয়টা বিবেচনা করবে।’

শাহ স্পষ্ট জানিয়ে দেন, সরকারের লুকনোর কিছু নেই। সব প্রশ্নের উত্তর দিতে তাঁরা তৈরি। তবে শাহের এই বক্তব্যের পরই কংগ্রেস সাংসদ রাহুল গান্ধি বলেন, ‘আমরা কোনও লেকচার শুনতে রাজি নই। ২০ দিন ধরে সংসদে আসছেন না অমিত শাহ। সংসদে আসার সাহস পাচ্ছেন না। অমিত শাহের পদত্যাগ করা উচিত।’

# বিধানসভায় অনুমোদিত ২০৯ ওয়ার্ডের কেএমসি

**নিজস্ব প্রতিবেদন:** বিধানসভায় পাশ হল কলকাতা পুরসভা সংশোধনী বিল। এর মাধ্যমে কলকাতায় ওয়ার্ড সংখ্যা বেড়ে ২০৯ করার ছাড়পত্র মিলল। একই সঙ্গে ধ্বনিভোটে পাশ হয়েছে হাওড়া পুরসভা সংশোধনী বিলও। এই সংশোধনী বিলের মাধ্যমে হাওড়া থেকে আলাদা করা হচ্ছে বালিকে। পাশাপাশি হাওড়ার ওয়ার্ড সংখ্যাও বৃদ্ধি করা হচ্ছে।

কলকাতা পুরসভায় বর্তমানে ১৪৪টি ওয়ার্ড রয়েছে। সংশোধনী বিলে তা বাড়িয়ে ২০৯ করার কথা বলা হয়েছে। হাওড়াতে বর্তমানে রয়েছে ৫০টি ওয়ার্ড। তা-ও বাড়িয়ে ৬৮ করা হচ্ছে। দুই পুর এলাকা মিলিয়ে মোট ৮৩টি ওয়ার্ড বৃদ্ধি করা হচ্ছে দুই সংশোধনী বিলে।

তবে কালীঘাটপন্থী তৃণমূলের দাবি, সংশোধনী বিলে কলকাতায় ২০৯ ওয়ার্ডেই ভোট হবে কি না, তা নির্দিষ্ট ভাবে উল্লেখ নেই। তা নিয়ে বিধানসভায় সংশয় প্রকাশ করেন শোভনদেব চট্টোপাধ্যায়। যদিও পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পল জানান, মনোনীত কাউকে বসানোর কোনও প্রশ্ন নেই। বিলে এমন



কোনও বিষয়ের উল্লেখ নেই বলেও জানান তিনি।

অন্য দিকে দীর্ঘ আট বছর ধরে আটকে রয়েছে হাওড়া পুরসভার নির্বাচন। এ দিন হাওড়া পুরসভা সংশোধনী বিল পাশ হওয়ায় সেই জটিলতা কাটল। রাজ্যে ক্ষমতাবদলের পরেই হাওড়া পুরসভার জট কাটাতে উদ্যোগী হয় নতুন সরকার। পুরমন্ত্রী অগ্নিমিত্রা পলের সঙ্গে এ বিষয়ে আলোচনাও হয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। এ বার হাওড়া পুরসভা সংশোধনী বিল পাশ করানো হল বিধানসভায়। এই সংশোধনী বিলে হাওড়া এবং বালিকে পৃথক করার পাশাপাশি হাওড়ায় ওয়ার্ড বৃদ্ধিরও প্রস্তাব দেওয়া হয়েছে।

কলকাতা পুরসভা সংশোধনী বিল প্রসঙ্গে এ দিন বিধানসভায় বক্তৃতা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু। তিনি জানান, এই বিলে ওয়ার্ড বৃদ্ধির প্রস্তাব দেওয়া রয়েছে। এর পরে ওয়ার্ডের সীমানা নির্ধারণ, ওয়ার্ডের জনসংখ্যা, ভোটার সংখ্যা-সহ অন্য বিষয়গুলি নির্ধারণের প্রক্রিয়া শুরু হবে। রাজ্য নির্বাচন কমিশন এ সংক্রান্ত দায়িত্ব দেবে ভূমি দপ্তর এবং কলকাতার জেলা প্রশাসনের দায়িত্বপ্রাপ্তদের। তার পরে বিজ্ঞপ্তি জারি হবে। সাধারণ মানুষের কোনও আপত্তি থাকলে, তা শোনা হবে। দু’দফায় সর্বদল বৈঠকও করতে হবে রাজ্য নির্বাচন কমিশনকে।

মুখ্যমন্ত্রী এ-ও স্পষ্ট করে দেন যে নিয়মবিধি মেনেই পুরো প্রক্রিয়া চলছে। তিনি বলেন, ‘এমন নয় যে সব নিয়মবিধিকে সরিয়ে রেখে আমরা নিজেরা একটা মানচিত্র তৈরি করে এখানে পাশ করলাম।’

# ‘জীবনে শর্টকাট নিও না’, বার্তা মোদীর

**নয়াদিল্লি, ১২ অগস্ট:** জীবনে কোনওদিন শর্টকাট নিও না। শর্টকাট জীবনকে আরও সংক্ষিপ্ত করে দিতে পারে। বুধবার একটি অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রিলপ্রেমী জেন জি’দের এমনই বার্তা দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বর্তমানে ইন্টারনেটের যুগে রিলের নেশায় বুঁদ হয়ে থাকেন তরুণ-তরুণীরা। এর ফলে প্রায়ই দুর্ঘটনা ঘটে। শুধু তাই নয়, চলে যায় প্রাণও। সেই প্রসঙ্গও উত্থাপন করেন প্রধানমন্ত্রী।

মোদীর কথায়, ‘শর্টকাট আপনার জীবনকে সংক্ষিপ্ত করে দিতে পারে।’ তাই সেই পথ বর্জন করে অর্থবহ পথ বেছে নেওয়ার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। পাশাপাশি, তরুণ-তরুণীদের তিনি এমন ‘ইনফ্লুয়েন্সার’দের থেকে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন, যাঁরা ভুল পথে চালিত করার চেষ্টা করেন। এদিন প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের আত্মজীবনী ‘ট্রায়াম্ফ অফ দ্য ইন্ডিয়ান রিপাবলিক মাই লাইফ, মাই স্ট্রাগলস’ প্রকাশের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন প্রধানমন্ত্রী। তিনি



তরুণদের বইটি পড়ার আহ্বান জানিয়েছেন। তাঁর কথায়, ‘আত্মজীবনী পড়ার মাধ্যমে সংশ্লিষ্ট ব্যক্তির জীবনের অভিজ্ঞতা এবং বিভিন্ন সময়কালকে বোঝার সুযোগ হয়।’ তিনি আরও বলেন, ‘রেলস্টেশনে অনেকে ফুটব্রিজের উপর দিয়ে না গিয়ে রেললাইন পার হয়ে যান, কারণ তাঁরা মনে করেন এটিই গন্তব্যে পৌঁছনোর দ্রুততম উপায়। যার ফলাফল অনেকক্ষেত্রই হয় ভয়াবহ। এটিই জীবনের বড় শিক্ষা।’

## প্রতিটি বিধানসভায় নেতাজি সেবাকেন্দ্র

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের বিধানসভা এলাকাগুলিতে সেবাকেন্দ্র চালুর নির্দেশ দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নেতাজি সুভাষচন্দ্র বসুর নামে সেবাকেন্দ্রগুলি চালু করতে বলা হয়েছে। সমস্ত বিধায়ককে এই সংক্রান্ত নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী। জানিয়েছেন, সেবাকেন্দ্র চালু করতে পারলে তা চালানোর জন্য মাসে ৩০ হাজার টাকা করে দেবে সরকার। এ বিষয়ে অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্তের সঙ্গেও শুভেন্দুর কথা হয়েছে। এ ছাড়া, অসমে বন্যা পরিস্থিতির জন্য ১০ কোটি টাকা অর্থসাহায্য করবে পশ্চিমবঙ্গ সরকার, জানিয়েছেন মুখ্যমন্ত্রী। অন্যদিকে, প্রাক্তন বিধায়কদের চিকিৎসাভাতা বৃদ্ধির কথাও এদিন বিধানসভায় ঘোষণা করেন মুখ্যমন্ত্রী।

বুধবার বিধানসভায় ভাষণ দিতে গিয়ে শুভেন্দু বলেন, ‘আমাদের রাজ্যে আগে বিধায়কেরা সরকারি দপ্তর থেকে কাজ করতেন। এখন প্রায় প্রত্যেক বিধায়কের নিজস্ব দপ্তর আছে। কেউ দলের দপ্তরকে নিজের দপ্তর বানিয়েছেন। কেউ আবার নতুন দপ্তর করেছেন। প্রত্যেক বিধানসভা কেন্দ্রে বিধায়কদের একটি করে সেবাকেন্দ্র চালু করতে হবে। তার মাধ্যমে নিজেদের এলাকার মানুষকে তাঁরা পরিষেবা দেবেন। যাঁরা তাঁদের ভোট দিয়েছেন, যাঁরা দেননি, প্রত্যেকেই পরিষেবা পাবেন। এই সেবাকেন্দ্রগুলির নাম হবে নেতাজি সুভাষচন্দ্র বসু সেবাকেন্দ্র।’ ইতিমধ্যে রাজ্যে এই ধরনের শতাধিক সেবাকেন্দ্র চালুও করা হয়েছে বলে জানান শুভেন্দু। রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে বিধায়কদের সেবাকেন্দ্রগুলিতে ধুতি-পঞ্জাবি পরিহিত নেতাজির একটি করে ছবি পাঠানো হবে। সেবাকেন্দ্রে সেই ছবি রাখতে হবে। শুভেন্দু বলেন, ‘এই কাজ করতে পারলেই আমরা মাসে ৩০ হাজার টাকা করে দেব।’

রাজ্যের প্রাক্তন বিধায়কদের চিকিৎসাভাতা বৃদ্ধির কথাও বুধবার বিধানসভায় ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। এত দিন তাঁদের চিকিৎসা খরচ বাবদ মাসে ছ’হাজার টাকা করে দেওয়া হত। এ বার থেকে তা বাড়িয়ে ১০ হাজার টাকা করা হল। এ ছাড়া, প্রাক্তন বিধায়কদের অবসরকালীন ভাতা বৃদ্ধির আশ্বাসও দিয়েছেন শুভেন্দু। জানিয়েছেন, এ বিষয়ে অর্থমন্ত্রীর সঙ্গে তিনি আলোচনা করবেন। বিধানসভায় একটি আইন সংশোধন করতে হবে। তার পরেই অবসরকালীন ভাতা বৃদ্ধি করা যাবে। বর্ধিত চিকিৎসাভাতা অগস্ট থেকেই পাবেন প্রাক্তন বিধায়কেরা। এ প্রসঙ্গে বলতে গিয়ে বিগত সরকারকে কটাক্ষ করেছেন মুখ্যমন্ত্রী।

একদিন

# আমার শহর

কলকাতা, ১৩ অগস্ট ২০২৬, ২৭ শ্রাবণ ১৪৩৩, বৃহস্পতিবার

## ‘গেরুয়া রাজনৈতিক রং নয়’, আদ্যাপীঠে বার্তা মুখ্যমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদন:** বুধবার বেলঘরিয়ার আদ্যাপীঠে পুজো দিয়ে নারী নির্যাতনের মতো ঘটনা ঠেকাতে ধর্মীয় শিক্ষার প্রয়োজনের কথা বললেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বুধবার সকালে মন্দিরে গিয়ে তিনি বলেন, মানুষের মধ্যে আধ্যাত্মিক চেতনা বাড়ানো দরকার। আরজি করের মতো ঘটনা থেকে মানুষকে দূরে রাখতে গীতাপাঠের কথাও বলেন তিনি। পাশাপাশি সনাতন প্রতিষ্ঠানগুলির কাজ এবং গেরুয়া রঙের তাৎপর্য নিয়েও এদিন বক্তব্য রাখেন মুখ্যমন্ত্রী। বুধবার বেলা ১১টার কিছু আগে আদ্যাপীঠে পৌঁছন মুখ্যমন্ত্রী। আশ্রমের অধ্যক্ষ ব্রহ্মচারী মুরাল ভাই তাঁকে স্বাগত জানান। এদিন মন্দিরের নতুন মূল ফটক উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। এছাড়াও আদ্যাপীঠের তরফে দেওয়া একটি অ্যাম্বুল্যান্সেরও উদ্বোধন হয় তাঁর হাতে। এর পর গোশালায় গিয়ে গোরুর সেবাও করেন মুখ্যমন্ত্রী। পরে তিনি মন্দিরে আদ্যা মায়ের পুজো এবং



আরতিতেও অংশ নেন। সেখানেই আধ্যাত্মিকতা ও গেরুয়ার প্রসঙ্গ তুলে তিনি বলেন, ‘কলকাতা সাংস্কৃতিক পীঠস্থানের সঙ্গেই আধ্যাত্মিক রাজধানী। এই সরকার আধ্যাত্মিক জাগরণকে সম্পূর্ণ করতে সাহায্য করবে। মানুষকে গেরুয়া রঙের মাহাত্ম্য বোঝাতে হবে। প্রত্যেকটা সনাতন প্রতিষ্ঠানের সেবার মানসিকতা রয়েছে।’

বুধবার আরজি কর-কাণ্ডের প্রসঙ্গও উঠে আসে মুখ্যমন্ত্রীর বক্তব্যে। মানুষের মধ্যে নৈতিক বোধ তৈরি করতে গীতাপাঠের প্রয়োজন রয়েছে বলে মত দেন তিনি। তাঁর বক্তব্য, মন থেকে ‘পাপ’ দূর করা এবং আধ্যাত্মিক চেতনা বাড়ানোর মাধ্যমে মানুষকে অপরাধ থেকে বিরত রাখার চেষ্টা করা যেতে পারে। মুখ্যমন্ত্রীর এই বক্তব্য ঘিরে রাজনৈতিক মহলে ইতিমধ্যেই নতুন করে বিতর্ক শুরু হয়েছে। পাশাপাশি এদিন সনাতন সংস্কৃতির প্রসঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করেন শুভেন্দু। তিনি বলেন, ‘অযোধ্যার মন্দিরের জন্য তিন লক্ষ মানুষ আত্মবলিদান দিয়েছেন। হিন্দুদের টাকায় তৈরি হয়েছে ওই মন্দির। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মা-গঙ্গার সঙ্গে জুড়েছেন কাশী বিশ্বনাথ মন্দিরকে।’যদিও বুধবার গেরুয়া রং নিয়েও নিজের অবস্থান স্পষ্ট করে মুখ্যমন্ত্রী বলেন, ‘গেরুয়া রং কোনও রাজনৈতিক রং নয়, এই রং কৃচ্ছ সাধনের।’

## বাম আমলে সেফ প্যাসেজ, তৃণমূলের আমলে জঙ্গিদের সুরক্ষিত ঘর: শমীক

**নিজস্ব প্রতিবেদন:** বুধবার পশ্চিমবঙ্গে জঙ্গি ও সন্দেহভাজন এজেন্ট গ্রেফতারির ঘটনাকে সামনে রেখে আগের তৃণমূল সরকারকে তীব্র আক্রমণ করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। বুধবার তাঁর অভিযোগ, দীর্ঘদিন ধরে রাজ্যে জনসংখ্যার চরিত্র বদলের একটি প্রক্রিয়া চলছে এবং তার সঙ্গে মৌলবাদ ও নিরাপত্তার প্রশ্ন জড়িয়ে রয়েছে। একই দিনে বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডার সঙ্গে বৈঠকের কথাও জানান শমীক। তাঁর দাবি, পশ্চিমবঙ্গে আরও একটি এইমস দেওয়ার বিষয়ে নাড্ডা সম্মতি দিয়েছেন।

রাজ্যের নিরাপত্তা নিয়ে বলতে গিয়ে শমীক বলেন, ‘আমরা আশির দশক থেকে বলে আসছি, পশ্চিমবঙ্গে একটা সাইলেন্ট ডেমোগ্রাফিক ইনভেনশন চলে আসছে। একটা ধর্মান্ধ মৌলবাদী ইসলামিক ফ্যাসিজম, যেটা ভারতবর্ষকে গ্রাস করতে চাইছে। পাকিস্তান সম্মুখসমরে কোনও দিন ভারতকে মোকাবিলা করতে পারেনি। তাই তারা বিভিন্নভাবে এই



চেষ্টা চালিয়ে যাচ্ছে। আগের তৃণমূলের সরকার তোষণ, মৌলবাদের কাছে আত্মসমর্পণ ও ব্লক ভোটের স্বার্থে নিজের নির্বাচনী ক্ষেত্রকে পাকিস্তান বলতেও কুণ্ঠাবোধ করেনি। এগুলো তারই পরিণতি। বাম আমলে পশ্চিমবঙ্গ সেফ প্যাসেজ ছিল আর তৃণমূলের আমলে জঙ্গিদের সুরক্ষিত ঘর হয়েছে এই রাজ্য। এর আগে লস্কর ই তৈবা, আইএসএস জঙ্গি ধরা পড়েছে, আর এখন আরেক এজেন্ট ধরা পড়ল। ভারতবর্ষের অভ্যন্তরীণ নিরাপত্তা, এই রাজ্যে যারা প্রগতিশীল রাজনীতি করার দাবি করেন, তাঁদের জন্য কম্প্রোমাইজ হয়ে যাচ্ছে।’

শমীকের এই বক্তব্যের মূল লক্ষ্য ছিল তৃণমূলের দিকেই। রাজ্যের আইনশৃঙ্খলা ও অভ্যন্তরীণ নিরাপত্তা নিয়ে পূর্ববর্তী সরকারকে নিশানা করেন তিনি। সাম্প্রতিক গ্রেপ্তারির ঘটনাগুলিকে সামনে রেখে বিজেপি নেতৃত্ব যে রাজনৈতিক প্রশ্ন তুলছে, এ দিন তারই ব্যাখ্যা দেন তিনি। একই সঙ্গে পূর্ববর্তী তৃণমূল সরকারের বিরুদ্ধে ‘তোষণ’ এবং মৌলবাদের সঙ্গে আপসের অভিযোগও তোলেন বিজেপির রাজ্য সভাপতি।

এর পাশাপাশি কেন্দ্রীয় প্রকল্প নিয়েও তৃণমূলকে নিশানা করেন শমীক। তাঁর বক্তব্য, আগের সরকারের সময়ে একাধিক কেন্দ্রীয় প্রকল্প বাংলায় কার্যকর হয়নি। তিনি বলেন, তৃণমূলের আমলে বহু কেন্দ্রীয় প্রকল্প এই রাজ্যে বাস্তবায়িত হয়নি। যার মধ্যে আয়ুষ্মান ভারত, স্মার্ট সিটি, পিএম বিশ্বকর্মা সহ একাধিক প্রকল্প রয়েছে। রাজ্যে এখন ডবল ইঞ্জিনের সরকার। সমস্ত কেন্দ্রীয় প্রকল্প রাজ্যে চালু হচ্ছে। মানুষ এর উপকারিতা পাবেন। যেটা তৃণমূলের আমলে বঞ্চিত হয়েছিল।

এই রাজনৈতিক আক্রমণের মধ্যেই উঠে এসেছে রাজ্যে নতুন এইমসের প্রসঙ্গ। নাড্ডার সঙ্গে বৈঠক নিয়ে শমীক বলেন, ‘আজ নাড্ডাজির সঙ্গে দেখা হয়েছে, আলোচনা হয়েছে। পশ্চিমবঙ্গ আর একটি এইমস পাওয়ার বিষয়ে তিনি সম্মতি দিয়েছেন।’তবে নতুন এইমস কোথায় হবে বা কবে তার কাজ শুরু হবে, সে বিষয়ে এদিন কোনও নির্দিষ্ট তথ্য দেননি শমীক। ফলে আপাতত নাড্ডার সঙ্গে বৈঠকে রাজ্যে নতুন এইমস পাওয়ার সম্মতির বার্তাই সামনে এল। এছাড়াও কেন্দ্রীয় প্রকল্প দ্রুত চালুর দাবি এবং রাজ্যে নতুন স্বাস্থ্য পরিকাঠামোর প্রতিশ্রুতি, এই দুই বিষয়কেই সামনে রেখে এদিন রাজ্যে ডবল ইঞ্জিন সরকারের রাজনৈতিক অবস্থান স্পষ্ট করলেন শমীক।

## সুজিতের অ্যাকাউন্টে ৮.৮ কোটি! হাইকোর্টে ইডির বিস্ফোরক নথি

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে ক্ষমতার হাতবদলের পর পুরসভা নিয়োগ দুর্নীতি মামলায় বিধাননগরের প্রাক্তন বিধায়ক তথা রাজ্য মন্ত্রিসভার প্রাক্তন মন্ত্রী সুজিত বসুর গ্রেপ্তারির পর জল গড়িয়েছে বহুদূর। অবশেষে সেই মামলার শুনানিতেই কলকাতা হাইকোর্টে এনফোর্সমেন্ট ডিরেক্টরেট বা ইডির পেশ করা তথ্য রাজ্য রাজনীতিতে নতুন করে আলোড়ন তুলল। ইডি-র বিস্ফোরক দাবি, সুজিত বসুর নিজস্ব ব্যাঙ্ক অ্যাকাউন্টেই মিলল নগদ ৮.৮ কোটি টাকা। কেবল প্রাক্তন মন্ত্রীর অ্যাকাউন্টেই নয়, তাঁর পরিবারের একাধিক সদস্যের ব্যাঙ্ক খাতাতেও কোটি কোটি টাকার সন্দেহজনক লেনদেনের খোঁজ পেয়েছেন তদন্তকারীরা। এছাড়া, বাজারচলতি শেয়ারেও দুর্নীতির সেই বিপুল অর্থ বিনিয়োগ করা হয়েছিল বলে আদালতে লিখিত ভাবে জানিয়েছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা।

পুর-নিয়োগে বেআইনি লেনদেন ও স্বজনপোষণের অভিযোগে আগেই জালে এসেছিলেন বিধাননগরের এই দাপুটে নেতা। দীর্ঘদিন হাজতবাসের পর সম্প্রতি জামিনের আর্জি জানিয়ে উচ্চ আদালতের কড়া নাড়েন সুজিত বসু। বুধবার হাইকোর্টের বিচারপতি শুভ্রা ঘোষের এজলাসে সেই সংক্রান্ত শুনানি শুরু হতেই মামলা নতুন মোড় নেয়। শুনানির শুরুতেই তদন্তের গতিপ্রকৃতি ও আবেদনকারীর প্রলম্বিত হেপাজত নিয়ে ক্ষোভ প্রকাশ করেন বিচারপতি। ইডির আইনজীবীর উদ্দেশে বিচারপতি ঘোষ সরাসরি প্রশ্ন তোলেন, ‘সুজিত বসুকে আর কত দিন জেলে বা হেপাজতে রেখে জিজ্ঞাসাবাদের প্রয়োজন রয়েছে? তাঁকে জেলে আটকে রেখে তদন্তে নতুন কী তথ্য উঠে আসবে?’ বিচারপতির এই প্রশ্নের সামনে দাঁড়িয়ে ইডির পক্ষে সওয়াল করেন অতিরিক্ত সলিসিটর জেনারেল এসভি রাজু। তিনি অত্যন্ত কড়া ভাষায় আদালতে পালটা যুক্তি দিয়ে জানান যে, সুজিত বসু কোনও সাধারণ ধারার অপরাধে অভিযুক্ত নন। সঙ্গে এও জানান, ‘প্রিভেনশন অব মানি লন্ডারিং অ্যাক্টে’র অধীনে তাঁর বিরুদ্ধে তদন্ত চলছে। তিনি একজন অত্যন্ত প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব এবং এই আর্থিক কারচুপির জাল অত্যন্ত গভীরে প্রোথিত। ফলে মামলাটির গুরুত্ব বিবেচনা করে তাঁকে জামিন না দিয়ে হেফাজতে রেখে তদন্ত চালানোই বিচারবিভাগের নিরিখে বাঞ্ছনীয়।

এরপরেই কেন্দ্রীয় সংস্থাটির তরফে সুজিতের বিরুদ্ধে পাহাড়প্রমাণ দুর্নীতির তথ্য আদালতের সামনে তুলে ধরা হয়। ইডির পেশ করা নথিতে দাবি করা হয়েছে, রাজ্যজুড়ে বিভিন্ন পুরসভায় ওএমআর শিট কারচুপি করে অন্তত ২৮৪ জন অযোগ্য প্রার্থীকে বেআইনি ভাবে চাকরি দেওয়া হয়েছিল। এই প্রতিটি চাকরির বিনিময়ে দর হাঁকা হয়েছিল গড়ে ৬ লক্ষ টাকা। প্রকৃত মেধাবী ও যোগ্য প্রার্থীরা পরীক্ষায় সঠিক উত্তর দেওয়া সত্ত্বেও ওএমআর শিটে খাতা জালিয়াতি করে তাঁদের প্রাপ্য অধিকার কেড়ে নেওয়া হয় এবং সেই জায়গায় সুযোগ করে দেওয়া হয় অযোগ্যদের।

এখানেই শেষ নয়, এর পাশাপাশি তদন্তকারী সংস্থার দাবি, দক্ষিণ দমদম পুরসভার নিয়োগ প্রক্রিয়ায় সুজিত বসুর ভূমিকা ছিল অত্যন্ত সক্রিয়। এই মামলার অন্যতম অভিযুক্ত অয়ন শীলকে দফায় দফায় জিজ্ঞাসাবাদ করে জানা গিয়েছে, দক্ষিণ দমদম পুরসভায় বিভিন্ন সময়ে অন্তত ১৫২ জন প্রার্থীর নাম সুপারিশ করেছিলেন স্বয়ং সুজিত। এমনকি পুরো নিয়োগ প্রক্রিয়া পরিচালনা করতে একটি নির্দিষ্ট ‘কোটা প্রথা’ তৈরি করা হয়েছিল বলে অভিযোগ। নিতাই দত্ত নামে এক সাক্ষীর বয়ান উদ্ধৃত করে ইডি দাবি করে, তৎকালীন পুরসভার চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং চেয়ারম্যান-ইন-কাউন্সিলদের পদমর্যাদা অনুযায়ী চাকরির নির্দিষ্ট কোটা ভাগ করা থাকত।

হেল্পার ও মজদুর নিয়োগের মতো সাধারণ পদের ক্ষেত্রেও টাকার বিনিময়ে অযোগ্যদের বসানোর যে অভিযোগ উঠেছে, সেখানে ক্ষমতার কেন্দ্রবিন্দুতে থাকা অন্যান্য শীর্ষ রাজনৈতিক ব্যক্তিত্বের নামও জড়িয়েছে। ইডির পেশ করা তথ্যে স্পষ্ট বলা হয়েছে, এই দুর্নীতির জালে নাম উঠে এসেছে ফিরহাদ হাকিম ও পাঁচু রায়ের মতো প্রভাবশালী ব্যক্তিত্বদেরও। পুরো বিষয়টি যে একটি সুসংগঠিত এবং প্রাতিষ্ঠানিক অপরাধ, তা বোঝাতেই আদালতকে এই সমস্ত বিস্ফোরক নথি হস্তান্তর করেছে ইডি।

## অ্যাকাডেমির টিকিট কাউন্টার ফের গেরুয়া

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার বামপন্থী নাট্যকর্মীরা সাদা রং করেছিলেন অ্যাকাডেমি অফ ফাইন আর্টসের টিকিট কাউন্টারে। তার ২৪ ঘণ্টা কাটতে না-কাটতেই সেই কাউন্টার হল ফের গেরুয়া রঙের। বুধবার শিবপুরের বিধায়ক রুদ্রনীল ঘোষের উপস্থিতিতে কাউন্টারে নতুন করে গেরুয়া রং করা হয়। তাঁর সঙ্গে থাকা লোকজনের মুখে শোনা যায় ‘জয় শ্রীরাম’ এবং ‘বন্দে মাতরম’ স্লোগান।

যদিও অ্যাকাডেমি চত্বরে রং বদল নিয়ে বিতর্ক অবশ্য নতুন নয়। গত জুলাইয়ে সরকার বদলের পরে এই টিকিট কাউন্টারে গেরুয়া রং করা হয়েছিল। সেই রং নিয়ে আপত্তি জানিয়েছিলেন বামপন্থী নাট্যকর্মীদের একাংশ। গত মঙ্গলবার তাঁরা নিজেরাই ফের কাউন্টারটি সাদা করে দেন। তার পরের দিনই অর্থাৎ বুধবার আবার ওই টিকিট কাউন্টারের রং বদলে গেল। এদিন ঘটনাস্থলে দাঁড়িয়ে রুদ্রনীল পুরনো একটি ছবি দেখিয়ে তাঁর বক্তব্যের পক্ষে যুক্তি দেন।

তিনি বলেন, এই যে টিকিট কাউন্টারের রং স্পষ্ট গেরুয়া এবং চকোলেট। বামেরা স্পষ্ট ঠিক করেছিল কলকে পেতে বিভিন্ন জায়গায় যাবে। আর এই অ্যাকাডেমি চত্বরটাকে এই যে একমাস আগেও লাল ঝাণ্ডা দিয়ে ভরিয়ে রেখেছিল। এখানের ওয়ার্কিং কমিটি ট্রাস্টি বোর্ডকে জ্বালিয়ে পুড়িয়ে মারছে। দুর্নীতি চলছে, তা নিয়ে বামেদের কোনও অসুবিধা নেই। যে রং ছিল, সেই রংই হবে। একই সঙ্গে তিনি



ছবি: অদিতি সাহা

বিকাশ ভট্টাচার্যকেও আক্রমণ করেন।

কাউন্টারের রং নিয়ে বিজেপির অবস্থান অবশ্য এর আগে অন্য রকম ছিল। রং বদলের প্রথম পর্বে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য বলেছিলেন, ‘যারা করছে অন্যায় করেছে, ভুল করেছে। রং বদলের রাজনীতি বিজেপির লক্ষ্য নয়। যেখানে সেখানে রং করে দেওয়া, এটা বিজেপির অ্যাজেন্ডার মধ্যে নেই। আপনারা চিহ্নিত করুন, ব্যবস্থা নেব।’ যদিও এর পরে কলকাতার নাট্যকর্মীদের একাংশ শমীকের কাছে চিঠি দেন। এই প্রসঙ্গে বামপন্থী নেতা বিকাশ ভট্টাচার্য দাবি করেছিলেন, শমীক তাঁকে দ্রুত কাউন্টারের আগের রং ফিরিয়ে দেওয়ার আশ্বাস দিয়েছেন। যদিও ১৫ দিন পেরিয়ে গেলেও কাজ হয়নি বলে মঙ্গলবার অভিযোগ ওঠে। সেই দিনই একদল বামপন্থী নাট্যকর্মীরা সাদা রং করে দেন।

## অনন্ত মহারাজ বিতর্কে ক্ষতি সামলাতে তৎপর বিজেপি

### নেতাজি ইস্যুতে পদক্ষেপের ঘোষণা

**নিজস্ব প্রতিবেদন:** নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে বিজেপিররাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজের বিতর্কিত মন্তব্যকে ঘিরেরাজনৈতিক চাপ বাড়তেই ক্ষয়ক্ষতি সামলাতে একের পর এক পদক্ষেপের ঘোষণা করল রাজ্য সরকার ও বিজেপি নেতৃত্ব। বুধবার প্রথমে বিধানসভায় এবং পরে নবান্নে সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর একাধিক ঘোষণাকেরাজনৈতিক মহলের একাংশ বিজেপির‘ড্যামেজ কন্ট্রোল’ হিসেবেই দেখছে।

বুধবার বিধানসভায় মুখ্যমন্ত্রী ঘোষণা করেন, রাজ্যের সমস্ত বিধায়কেরসেবাকেন্দ্রের নাম হবে‘নেতাজি সুভাষচন্দ্র বসু সেবাকেন্দ্র’। পাশাপাশি প্রতিটি সেবাকেন্দ্রে তথ্য ও সংস্কৃতি দপ্তরথেকে সরবরাহ করা নেতাজির পরিবারের অনুমোদিত ধুতি-পাঞ্জাবি পরিহিত নেতাজির প্রতিকৃতি বাধ্যতামূলকভাবেরাখতে হবে।এই দুই শর্তপূরণ করলেই সংশ্লিষ্ট বিধায়কসেবাকেন্দ্র পরিচালনার জন্য মাসে ৩০ হাজারটাকা করেআর্থিক সহায়তাপাবেন। বিষয়টিপরবর্তী বিধানসভা অধিবেশনে সংশোধনী এনে কার্যকর করা হবেবলেও জানান তিনি।

এর কয়েক ঘণ্টার মধ্যেই নবান্নে সাংবাদিক বৈঠকে নেতাজিকে নিয়ে সামাজিক মাধ্যমে আপত্তিকর




মন্তব্যকারীদের বিরুদ্ধে কড়াআইনি পদক্ষেপেরঘোষণা করেন মুখ্যমন্ত্রী। তাঁর নির্দেশ, ভারতীয় ন্যায় সংহিতার প্রাসঙ্গিক ধারায় মামলারুজু করে প্রয়োজনে গ্রেপ্তার করা হবে। ডিজিপি, সাইবারশাখা, সিআইডি, এসটিএফ ও গোয়েন্দা সংস্থাকেযৌথভাবে তদন্তের নির্দেশদেওয়া হয়েছে। শুধু পোস্টদাতা নয়, লাইক, শেয়ার ও মন্তব্যকারীদের ভূমিকাও খতিয়ে দেখা হবেবলে জানান তিনি।এদিন উত্তরবঙ্গের বিজেপি বিধায়ক এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী আনন্দময়বর্মণের নেতৃত্বে একটি প্রতিনিধি দল মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে নেতাজিকে নিয়ে সামাজিক মাধ্যমে অপপ্রচারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানায়। মুখ্যমন্ত্রী সেই দাবিকে সমর্থন করেবলেন, পশ্চিমবঙ্গের মাটিতে নেতাজিরঅসম্মান কোনওভাবেই বরদাস্ত করা হবে না।

সাংবাদিক বৈঠকে বিজেপিররাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজের বিরুদ্ধে অভিযোগের প্রসঙ্গ উঠলে মুখ্যমন্ত্রী নাম উল্লেখ না-করেইবলেন, আইন সবার জন্য সমান। মন্ত্রী, সাংসদ, বিধায়ক, সরকারি কর্মী বা পুলিশ, যেইহোন না কেন, অভিযোগের ভিত্তিতেআইন অনুযায়ী ব্যবস্থানেওয়া হবে। এছাড়াও মুখ্যমন্ত্রী ঘোষণা করেন, খুব শীঘ্রইরাজ্যের সমস্ত সরকারি দপ্তরও সরকারিস্কুলে নেতাজির পরিবারের অনুমোদিত প্রতিকৃতিবাধ্যতামূলকভাবেটাঙানোর বিজ্ঞপ্তি জারি হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তর সেই ছবি প্রতিটি সরকারি প্রতিষ্ঠানে পৌঁছেদেবে।

রাজনৈতিক পর্যবেক্ষকদের একাংশের মতে, অনন্ত মহারাজের মন্তব্যকে ঘিরে তৈরি হওয়া বিতর্কেরআবহে নেতাজির প্রতি সরকারেরঅবস্থান স্পষ্ট করতে এবং বিরোধীদেরআক্রমণের জবাব দিতেই একই দিনে বিধানসভা ও নবান্ন থেকে ধারাবাহিক একাধিক ঘোষণা করা হয়েছে।যদিওসরকারিভাবে মুখ্যমন্ত্রী এই পদক্ষেপগুলিকে নেতাজির প্রতি শ্রদ্ধা ও সম্মান জানানোরউদ্যোগ বলেইব্যাখ্যা করেছেন।

## রিয়েল এস্টেট সেক্টরকে পুনরুজ্জীবিত করতে সরকারের উদ্যোগকে স্বাগত

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের বেসরকারি আবাসন ও নির্মাণ সংস্থাগুলোর শীর্ষ সংগঠন ‘ক্রেডাই ওয়েস্ট বেঙ্গল’, রাজ্যে ব্যবসা-বাণিজ্যের পরিবেশ সহজতর করা, প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া ত্বরান্বিত করা এবং বিনিয়োগের অনুকূল পরিবেশ জোরদার করার লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের সাম্প্রতিক নীতিগত উদ্যোগগুলোকে স্বাগত জানিয়েছে। সুসংগঠিত ও ‘রেরা’ বিধি-সম্মত ডেভেলপারদের সম্মিলিত কণ্ঠস্বর হিসেবে, ক্রেডাই ওয়েস্ট বেঙ্গল সংস্কারের এই উদ্যোগটিকে একটি সময়োপযোগী ও গঠনমূলক পদক্ষেপ বলে মনে করে, যা পশ্চিমবঙ্গকে রিয়েল এস্টেট বা আবাসন খাতে বিনিয়োগের জন্য আরও আকর্ষণীয় ও নির্ভরযোগ্য গন্তব্য হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে।



২০২৬ সালের ৬ অগস্ট, কলকাতার মিলন মেলায় আয়োজিত একটি সরকারি সম্মেলনে ‘ক্রেডাই’ ওয়েস্ট বেঙ্গলের প্রবীণ সদস্যদের একটি প্রতিনিধি দলকে আমন্ত্রণ জানানো হয়েছিল। প্রতিনিধিদলটি পশ্চিমবঙ্গ রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, অগ্নিমিত্রা পাল (মন্ত্রী-ইন-চার্জ, ইউডি অ্যান্ড এমএ), তাপস রায় (মন্ত্রী-ইন-চার্জ, শিল্প),উমেশ রায় (প্রতিমন্ত্রী), শ্রী মনোজ আগরওয়াল (মুখ্যসচিব) ও রাজ্যের অন্যান্য বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে সাক্ষাৎ করেন।

পরবর্তীতে, একই দিন বিকেল ৫টায় পশ্চিমবঙ্গ সরকার নির্মাণ খাতের নিরাপত্তা ও বিধি-বিধান সেক্টর সংক্রান্ত বিষয়গুলো সম্পর্কে রিয়েল এস্টেট খাতের সংশ্লিষ্ট সকলকে, যার মধ্যে ডেভেলপার, আর্কিটেক্ট, স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার, জিওটেকনিক্যাল বিশেষজ্ঞ, সাইট ম্যানেজার, প্রজেক্ট ম্যানেজার এবং সাইট ইঞ্জিনিয়াররা অন্তর্ভুক্ত, সচেতন করার লক্ষ্যে একটি আলোচনা সভার আয়োজন করে। ছিলেন ক্রেডাই ওয়েস্ট বেঙ্গলের সভাপতিসুশীল মোহতা, ইমিডিয়েট পাস্ট প্রেসিডেন্ট, ক্রেডাই কলকাতাসিদ্ধার্থ পানসারি,প্রেসিডেন্ট, ক্রেডাই কলকাতা অপূর্ব সালারপুরিয়া, অশোক সরাফ, তমাল ঘোষাল।

SOMANY

TILES | BATH | BUILDING SOLUTIONS

সোমানি সিরামিক্স লিমিটেড

(রেজি. অফিস: ২, রেড ক্রস প্লেস, কলকাতা, পশ্চিমবঙ্গ - ৭০০০০১, CIN: L40200WB1968PLC224116)

একক এবং সম্মিলিত অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবৃতি থেকে সংক্ষেপিত অংশ

ত্রৈমাসিক সমাপ্তি ৩০.০৬.২০২৬

(টাকা: লক্ষে)

| বিষয় | একক | | | | সম্মিলিত | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ত্রৈমাসিক সমাপ্ত | | | বার্ষিক সমাপ্ত | ত্রৈমাসিক সমাপ্ত | | | বার্ষিক সমাপ্ত |
| | ৩০.০৬. ২০২৬ | ৩১.০৩.২০২৬ | ৩০.০৬. ২০২৫ | ৩১.০৩.২০২৬ | ৩০.০৬.২০২৬ | ৩১.০৩.২০২৬ | ৩০.০৬.২০২৫ | ৩১.০৩.২০২৬ |
| | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত | অনিরীক্ষিত | নিরীক্ষিত |
| কার্যক্রম থেকে মোট আয় | ৬৯,১৮৬ | ৭৫,৩১৬ | ৫৮,১৮২ | ২৬৪,০৩০ | ৭৪,৯৫৬ | ৮১,৭৯৩ | ৬০,৮৪৪ | ২৭৮,৯৮৪ |
| মোট লাভ/(ক্ষতি) কর, ব্যতিক্রমী ও/অথবা অতিরিক্ত আইটেমের পূর্বে করের পূর্ববর্তী মোট লাভ (ক্ষতি)/(ব্যতিক্রমী ও/অথবা অতিরিক্ত আইটেমের পর) | ৪,৭১৫ | ৫,২৮৬ | ২,২৫৬ | ১৩,৭৬৬ | ৪,৯৭৮ | ৫,৭৬৬ | ১,১৩৯ | ১১,৩৮৭ |
| কর পরবর্তী মোট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী ও/অথবা অতিরিক্ত আইটেমের পর) | ৪,৭১৫ | ৪,৯৪১ | ২,২৫৬ | ১৩,২৫৭ | ৪.৯৭৮ | ৫,৪১৬ | ১,১৩৯ | ১০,৮৬৫ |
| কর পরবর্তী মোট লাভ/(ক্ষতি) (ব্যতিক্রমী ও/অথবা অতিরিক্ত আইটেমের পর) | ৩,৫১১ | ৩,৭৪৯ | ১,৬৭৬ | ৯,৯০৭ | ৩,৪২৩ | ৩,৭৪০ | ৭৩৫ | ৭,৪০৭ |
| সম্পূর্ণ আয়ের সামগ্রিক ফলাফল [কর পরবর্তী লাভ/(ক্ষতি) সহ (কর পরবর্তী) সময়কালের জন্য ও অন্যান্য সামগ্রিক (কর পরবর্তী) অন্তর্ভুক্ত] | ৩,৫১১ | ৩,৭৪৫ | ১,৬৭৬ | ৯.৯৭৫ | ৩,৪২৩ | ৩,৭৪০ | ৭৩৫ | ৭,৪৯২ |
| ইক্যুইটি শেয়ার ক্যাপিটাল | ৮২০ | ৮২০ | ৮২০ | ৮২০ | ৮২০ | ৮২০ | ৮২০ | ৮২০ |
| রিজার্ভ (পুনর্মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | | | | ৮৮,২৫৩ | | | | ৮৩,৪১৮ |
| **শেয়ার প্রতি আয়** | | | | | | | | |
| মৌলিক (প্রতি শেয়ারের মূল্য ২/- টাকা) (অতিরিক্ত আইটেমের পূর্বে / পর) টাকায় | ৮.৫৬ | ৯.১৪ | ৪.০৯ | ২৪.১৬ | ৮.৬৬ | ৯.২৩ | ২.৫৩ | ১৯.৮০ |
| ডাইলিউটেড (প্রতি শেয়ারের মূল্য ২/- টাকা) (অতিরিক্ত আইটেমের পূর্বে / পর) - টাকায় | ৮.৫৪ | ৯.০৯ | ৪.০৮ | ২৪.১১ | ৮.৬৪ | ৯.১৯ | ২.৫২ | ১৯.৭৬ |

নোট:

১. উপরোক্ত তথ্য হলো ত্রৈমাসিক ও বার্ষিক সমাপ্তি আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত রূপ, যা SEBI (লিস্টিং বাধ্যবাধকতা ও প্রকাশনা নিয়মাবলী) বিধিমালা, ২০১৫ এর প্রবিধান ৩৩ অনুযায়ী স্টক এক্সচেঞ্জে দাখিল করা হয়েছে। সম্পূর্ণ ত্রৈমাসিক ও বার্ষিক আর্থিক ফলাফল কোম্পানির ওয়েবসাইট (http://www.somanyceramics.com) এবং BSE (http://bseindia.com) এবং NSE (http://nseindia.com) স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে পাওয়া যাবে, এছাড়াও নিম্নলিখিত QR কোড স্ক্যান করে অ্যাক্সেস করা যাবে।

২. এই আর্থিক ফলাফলগুলি কোম্পানি আইন, ২০১৩ এর ধারা ১৩৩ অনুযায়ী ভারতীয় হিসাবরক্ষণ মানদণ্ড (Ind AS) এবং প্রযোজ্য অন্যান্য স্বীকৃত হিসাবরক্ষণ অনুশীলন ও নীতিমালা অনুসারে প্রস্তুত করা হয়েছে।

তারিখ: ১২ আগস্ট, ২০২৬

স্থান: নয়ডা

**সোমানি সিরামিক্স লিমিটেডের** পক্ষ থেকে

শ্রীকান্ত সোমানি

চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক

DIN 00021423

# বাংলার তাঁত শিল্পীর তৈরি করা জাতীয় পতাকা উড়বে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মুখ্যমন্ত্রীর ভবনে

নিলয় ভট্টাচার্য

**নদিয়া:** স্বাধীনতা দিবস উপলক্ষে রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত তাঁত শিল্পীর এবার অভিনব উদ্যোগ। বাংলার হস্তচালিত তাঁতের কাপড়েই ফুটিয়ে তোলা হচ্ছে তিরঙ্গা জাতীয় পতাকা। সেই জাতীয় পতাকা পৌঁছে দেওয়া হবে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু থেকে শুরু করে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর দপ্তরে। প্রসঙ্গত, নদিয়ার শান্তিপুর থানার ফুলিয়ার তাঁত শিল্পী বীরেন কুমার বসাক। ছোট থেকেই তাঁত শিল্প সঙ্গে যুক্ত। বিভিন্ন সময় বিভিন্ন ধরনের কাপড় তৈরি করে গোটা শিল্প জগতে তিনি তাঁর নাম উজ্জ্বল করেছেন। জাতীয় পুরস্কার থেকে শুরু করে রাষ্ট্রপতি পুরস্কারও রয়েছে তাঁর ঝুলিতে। তাঁর পুত্র অভিনব বসাক তিনিও ছোট থেকেই তাঁত শিল্পের সঙ্গে যুক্ত। গত সপ্তাহে রাষ্ট্রপতির হাত থেকে জাতীয় পুরস্কার পেয়েছেন। সামনেই ১৫ অগস্ট। স্বাধীনতা দিবসকে সামনে রেখে এবার বিশেষ উদ্যোগ তাঁর। এবার বাংলার তাঁত কাপড়েই ফুটিয়ে তোলা হচ্ছে জাতীয় পতাকা। তাঁত শিল্পীদের হাত ধরে চলছে এই পতাকা তৈরির কাজ। প্রায় এক মাস ধরে চলছে পতাকা তৈরির কাজ। কমপক্ষে ১৫ থেকে ২০ পিস পতাকা তৈরি হবে। তার মধ্যে প্রায় দশটিও বেশি পতাকা ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে। আর সেই পতাকাগুলি প্রধানমন্ত্রীর দপ্তর থেকে শুরু করে রাষ্ট্রপতি এবং বিভিন্ন প্রশাসনিক ভবন এমনকি রাজ্যের মুখ্যমন্ত্রীর দপ্তরের পাঠানোর তোরজোড় চলছে। মূলত সম্পূর্ণ সুতি দিয়ে তৈরি হচ্ছে এই জাতীয় পতাকা। পুরোটাই টাঙ্গাইল



পদ্ধতিতে তৈরি করা হচ্ছে পতাকাগুলি।

প্রায় ৩৬ বছর ধরে তাঁত শিল্পের সঙ্গে যুক্ত নদিয়ার ফুলিয়ার বীরেন বসাক। এ বিষয়ে তিনি বলেন, 'প্রায় একমাস আগে আমার কাছে এই প্রস্তাব আসে। যেহেতু এর আগে কখনও এই ধরনের কাজ করিনি, এটা একদম প্রথম। জাতীয় পতাকা তৈরি করতে প্রথম একটু সমস্যা হচ্ছিল। পরবর্তীকালে অন্যান্য তাঁত শিল্পীদের সহযোগিতায় কাজ শুরু করি। প্রায় ১০ থেকে ১২টি পতাকা ইতিমধ্যে তৈরি করে ফেলেছি। এখন কাজ করতে অনেকটা সহজ মনে হচ্ছে।' তিনি আরও জানান, এক একটি পতাকা তৈরি করতে প্রায় ৮ থেকে ১০ ঘণ্টা সময় লাগছে। পাশাপাশি তিনি আরও জানান, 'এর আগে এত বছর ধরে কাজ করেছি বিভিন্ন ধরনের কাপড় তৈরি করেছি কিন্তু কোনও দিন জাতীয় পতাকা তৈরি করিনি। তবে ভারতের জাতীয় পতাকা নিজের হাতে তৈরি করতে পেরে আমি গর্বিত।' অন্যদিকে তাঁর স্ত্রী অঞ্জনা বসাক দীর্ঘ ১৬ বছর ধরে নলি পাকানোর কাজ করছেন। তিনিও বলেন, 'বিভিন্ন কাপড়ের জন্য বছরের পর বছর নলি তৈরির কাজ করেছি, কিন্তু কোনদিন জাতীয় পতাকা তৈরির জন্য এই কাজ করিনি। এমন একটি কাজ করতে পেরে খুব ভালো অনুভূতি হচ্ছে।'

এ বিষয়ে রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত তাঁত শিল্পী বীরেন বসাকে ছেলে অভিনব বসাক বলেন, 'নরেন্দ্র মোদীর আত্মনির্ভর ভারত এবং স্বদেশ ভারতের মান্যতা দিতে আগেই একটি ভাবনা ছিল। তবে দুই মাস আগে উইভার সার্ভিস সেন্টারের তরফে ডেপুটি ডিরেক্টর আমাদের একটি উদ্যোগ নেওয়ার কথা বলেছিলেন। তিনি বলেছিলেন একটি থিমের উপর জাতীয় পতাকা তৈরি করার। এরপরই সেই ভাবনা থেকেই আমরা এই জাতীয় পতাকা তৈরির সিদ্ধান্ত গ্রহণ করি। যেহেতু সামনে ১৫ অগস্ট আমরা প্রায় কাজ সম্পূর্ণ করে ফেলেছি। ইতিমধ্যেই তাঁত শিল্পীর মাধ্যমে তৈরি জাতীয় পতাকা প্রধানমন্ত্রী দপ্তর থেকে শুরু করে রাষ্ট্রপতি, মুখ্যমন্ত্রী এবং বিভিন্ন দপ্তরে পাঠানো হয়ে গেছে। স্বাধীনতা দিবসের আগে ভারতের জাতীয় পতাকা এভাবে তৈরি করতে পেরে আমরা গোটা বসাক পরিবার খুব গর্ববোধ করছি।'


## রিলায়েন্স জুট মিলস (ইন্টারন্যাশনাল) লিমিটেড

Reliance

CIN: L17125WB1996PLC081382
রেজি. অফিস : ১৩/সি, কাশীনাথ মল্লিক লেন, ১ম ফ্লোর, কলকাতা-৭০০০৭৩
ইমেল: financeho@reliancejute.com, ওয়েব: www.reliancejute.com

**৩০.০৬.২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের নির্যাস**

(টাকা লাখে)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|
| ১ | কার্যক্রম থেকে মোট আয় (নিট) | ১৯,০৮৫.৫৬ | ১২,০৬৬.৫০ | ৫৩,৬৬৮.৪৯ |
| ২ | মেয়াদকালের নিট লাভ / (ক্ষতি) (কর এবং ব্যতিক্রমী আইটেমগুলির পূর্বে) | ৬১.৫০ | ১০০.০৩ | ৫১৭.৭৪ |
| ৩ | কর পূর্ববর্তী মেয়াদকালের নিট লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী আইটেমগুলির পরে) | ৬১.৫০ | ১০০.০৩ | ৫১৭.৭৪ |
| ৪ | কর পরবর্তী মেয়াদকালের নিট লাভ / (ক্ষতি) | ৬১.৫০ | ১০০.০৩ | ৭৬.৫২ |
| ৫ | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন ( ফেস ভ্যালু: ১০/- টাকা ) | ২৫৮.৯৫ | ২৫৮.৯৫ | ২৫৮.৯৫ |
| ৬ | মোট সামগ্রিক আয় এবং অন্যান্য সামগ্রিক আয় | ৬১.৫০ | ১০০.০৩ | ৬৪৪.২৭ |
| ৭ | নিরীক্ষিত ব্যালেন্স শীটে দেখানো অন্যান্য ইক্যুইটি | | | ৯.৩৫ |
| ৮ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকার) (চলতি এবং হ্রাসপ্রাপ্ত কার্যক্রমের জন্য) - মৌলিক ও মিশ্রিত (টাকায়) | ২.৩৭ | ৩.৮৬ | ২.৯৫ |

**দ্রষ্টব্য :**

১) উপরের বিবরণটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি নির্যাস। ৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট আমাদের ওয়েবসাইট www.reliancejute.com এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.cse-india.com-এ পাওয়া যাবে।

পরিচালনা পর্ষদের পক্ষে
স্বা/-
সুরেন্দ্র কুমার আগরওয়াল
চেয়ারম্যান

স্থান : কলকাতা
তারিখ : ১২ই আগস্ট, ২০২৬



## এনপিআর ফাইন্যান্স লিমিটেড

CIN-L65921WB1989PLC047091
রেজিঃ অফিস:- অ্যাডভেন্টজ ইনফিনিটি@৫, ষষ্ঠ ফ্লোর, সাউথ উইং, বিএন ব্লক, স্ট্রিট নং ১৮, সেক্টর-৫, বিধাননগর, কলকাতা ৭০০ ০৯১ ফোন নং ০৩৩-৪৮৪৯ ৬৪৯০
ই-মেল আইডি- npr1@nprfinance.com, ওয়েবসাইট-www.nprfinance.com

**৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিবরণী**

(₹ লাখে)

| ক্র. নং | বিবরণ | ৩০/০৬/২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত) | ৩১/০৩/২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (নিরীক্ষিত) | ৩০/০৬/২০২৫ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক (অনিরীক্ষিত) | ৩১/০৩/২০২৬ তারিখে সমাপ্ত বছর (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১ | কাজকর্ম থেকে মোট আয় | ১০৫.০৬ | ৯৯.৯৭ | ১১২.৫৫ | ৫০৪.৪৬ |
| ২ | সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়# পূর্ববর্তী) | ২০.১৪ | (৮.১৪) | ১২.৮১ | ২৬.১৫ |
| ৩ | কর পূর্ববর্তী সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়# পরবর্তী) | ২০.১৪ | (৮.১৪) | ১২.৮১ | ২৬.১৫ |
| ৪ | কর পরবর্তী সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (ব্যতিক্রমী এবং/অথবা অসাধারণ বিষয়# পরবর্তী) | ২০.২১ | (৭.৬৮) | ১৪.৪২ | ২০.৮৩ |
| ৫ | সময়ের জন্য মোট ব্যাপক আয় [সময়ের জন্য লাভ / (ক্ষতি) (কর পরবর্তী) এবং অন্যান্য ব্যাপক আয় (কর পরবর্তী) সমন্বিত] | ২০.২১ | (১২৭.২৪) | ১৪.৪২ | (৯৮.৭৩) |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ | ৫৯৮.৯৬ |
| ৭ | অন্যান্য ইক্যুইটি (পুনর্মূল্যায়ন সংরক্ষণ ব্যতিরেকে) | ৪,৩৩০.৩৬ | ৪,৩১০.১৫ | ৪,৪২২.৫২ | ৪,৩১০.১৫ |
| ৮ | শেয়ার প্রতি আয় (প্রতিটি ১০/- টাকা করে) (চলতি ও বন্ধ হয়ে যাওয়া ক্রিয়াকলাপের জন্য)- | | | | |
| | ক. মৌলিক : | ০.৩৪ | (০.১৩) | ০.২৪ | ০.৩৫ |
| | খ. মিশ্রিত : | ০.৩৪ | (০.১৩) | ০.২৪ | ০.৩৫ |

দ্রষ্টব্য :

(১) উপরোক্ত ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচিত হয়েছে এবং ১২ই আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে।
(২) পূর্ববর্তী সময়ের পরিসংখ্যানগুলি বর্তমান সময়ের উপস্থাপনা নিশ্চিত করার জন্য যেখানেই প্রয়োজন পুনঃশ্রেণীভুক্ত/পুনঃগোষ্ঠীবদ্ধ/পুনর্বিন্যস্ত করা হয়েছে।
(৩) উপরোক্ত বিবরণীটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে বিএসই লিমিটেড-এর কাছে দাখিল করা ৩০শে জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি সারাংশ। ত্রৈমাসিক আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইট (http://www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (http://www.nprfinance.com) উপলব্ধ।
(৪) ৩১শে মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি হল ৩১শে মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত পরিসংখ্যান এবং ৩১শে ডিসেম্বর, ২০২৫ তারিখে সমাপ্ত নয় মাসের অনিরীক্ষিত পরিসংখ্যানের মধ্যে ভারসাম্যপূর্ণ অবশিষ্টাংশ।

তারিখ : ১২ই আগস্ট, ২০২৬
স্থান : কলকাতা

পর্ষদের আদেশানুসারে
এনপিআর ফাইন্যান্স লিঃ-এর পক্ষে
পবন কুমার তোডি
ব্যবস্থাপনা পরিচালক
DIN-00590156



## ল্যাডলো জুট অ্যান্ড স্পেশালিটিজ লিমিটেড

Ludlow

রেজিস্টার্ড অফিস : কাঙ্কারিয়া এস্টেট, ৫ম ফ্লোর, ৬, লিটল রাসেল স্ট্রিট, কলকাতা ৭০০ ০৭১।
ফোন নং. ২২৮৮-০০৬৪, ইমেল: info@ludlowjute.com, ওয়েবসাইট: www.ludlowjute.com
করপোরেট আইডেন্টিটি নম্বর (CIN) L65993WB1979PLC032394

**৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের বিবরণী**

₹ লাখে, শেয়ার প্রতি তথ্য ব্যতীত

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩১.০৩.২০২৬ (অনিরীক্ষিত) | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|
| ১ | কার্যপরিচালনা থেকে মোট আয় | ১৮৯৬৫ | ১৪৮১১ | ১১৩১৩ | ৫৩২৭৮ |
| ২ | সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) (কর, ব্যতিক্রমি এবং/অথবা অসাধারণ আইটেমের পূর্বে) | ৮৫৯ | ২৪০ | ৬৩১ | ২২০৯ |
| ৩ | সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পূর্বে (ব্যতিক্রমি এবং/অথবা অসাধারণ আইটেমের পরে) | ৮৫৯ | ২৪০ | ৬৩১ | ২২০৯ |
| ৪ | সময়ের জন্য নিট লাভ / (ক্ষতি) করের পরে (ব্যতিক্রমি এবং/অথবা অসাধারণ আইটেমের পরে) | ৬৪৩ | ১৩৮ | ৪৪৯ | ১৬১৬ |
| ৫ | সময়ের জন্য মোট ব্যাপক আয় (করের পরে ওই সময়ের জন্য লাভ/(ক্ষতি) এবং করের পরে অন্যান্য ব্যাপক আয় সমন্বিত) | ৬৬৭ | ২৪০ | ৫০৭ | ১৮৪১ |
| ৬ | ইক্যুইটি শেয়ার মূলধন (প্রতিটির ফেস ভ্যালু ₹ ১০/-) | ১০৮০ | ১০৮০ | ১০৮০ | ১০৮০ |
| ৭ | রিজার্ভ (পূর্ববর্তী বছরের নিরীক্ষিত ব্যালেন্স শীটে দেখানো পুনর্মূল্যায়ন রিজার্ভ বাদে) | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ১৭৫৩৮ |
| ৮ | শেয়ার প্রতি আয় (প্রতিটির ফেস ভ্যালু ₹ ১০/-) (বার্ষিকীকরণ করা হয়নি) | | | | |
| | ক) মৌলিক | ৫.৯৭ | ১.২৮ | ৪.১৭ | ১৪.৯৬ |
| | খ) মিশ্রিত | ৫.৯৭ | ১.২৮ | ৪.১৭ | ১৪.৯৬ |

**দ্রষ্টব্য :**

১. ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের কোম্পানির আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১২ আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের নিজ নিজ সভায় পরিচালনা পর্ষদ দ্বারা অনুমোদিত হয়েছে এবং সংবিধিবদ্ধ নিরীক্ষকদের দ্বারা এর সীমিত পর্যালোচনা পরিচালিত হয়েছে।
২. উপরেরটি হলো এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩ এবং অন্যান্য প্রযোজ্য বিধানের অধীনে বোম্বে স্টক এক্সচেঞ্জে দাখিল করা ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের বিশদ বিন্যাসের একটি অংশবিশেষ। আর্থিক ফলাফলের সম্পূর্ণ বিন্যাস স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইটে (www.bseindia.com) এবং কোম্পানির ওয়েবসাইটে (www.ludlowjute.com) পাওয়া যাচ্ছে।
৩. ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের পরিসংখ্যানগুলি হলো ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত সম্পূর্ণ অর্থবর্ষের নিরীক্ষিত পরিসংখ্যান এবং ৩১ ডিসেম্বর, ২০২৫ পর্যন্ত প্রকাশিত বছরের তারিখের অনিরীক্ষিত পরিসংখ্যানগুলির মধ্যে ভারসাম্যমূলক পরিসংখ্যান, যা আর্থিক বছরের তৃতীয় ত্রৈমাসিকের শেষ তারিখ হওয়ায় সীমিত পর্যালোচনার অধীন ছিল।

পর্ষদের আদেশানুসারে
**আশীষ আগরওয়াল**
**(ম্যানেজিং ডিরেক্টর)**
**DIN-10198821**

স্থান : কলকাতা
তারিখ : ১২.০৮.২০২৬



## MINOLTA FINANCE LIMITED

Minolta

**Corporate Identity Number:** L65921WB1993PLC057502
**Registered Office:** Unique Pearl, BL-A, Hatiara, Roy Para, Kolkata, West Bengal, India, 700157
**Tel:** 033-22485794 | **Email id:** minoltafinance@gmail.com | **Website:** www.mintola.co.in

**EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED JUNE 30, 2026**

(₹ In Lacs)

| Sr. No. | Particulars | QUARTER ENDED | | | YEAR ENDED |
|---|---|---|---|---|---|
| | | As on 30.06.2026 Unaudited | As on 31.03.2026 Audited | As on 30.06.2025 Unaudited | As on 31.03.2026 Audited |
| 1. | Total Income from Operation | 491.33 | 538.44 | 206.32 | 1,196.92 |
| 2. | Total Expenses | 461.50 | 293.46 | 206.56 | 1,401.97 |
| 3. | Net Profit / (Loss) for the period before Tax | 29.83 | 244.98 | (0.24) | (205.04) |
| 4. | Net Profit / (Loss) for the period after Tax | 46.81 | 258.34 | (56.00) | (142.81) |
| 5. | Total Comprehensive Income for the period | 48.38 | 258.34 | (56.00) | (142.81) |
| 6. | Paid-up Equity Share Capital (FV ₹1/- each) | 999.96 | 999.96 | 999.96 | 999.96 |
| | Basic & Diluted Earnings Per Share (not annualized) | 0.05 | 0.26 | (0.56) | (0.14) |

**Note:**
1. The above Unaudited Financial Results have been reviewed by the Audit Committee thereafter approved and recorded by the Board of Directors at their meeting held on 11th August, 2026.
2. As required under Regulation 33 of SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the Statutory Auditors of the Company have carried out Limited Review of the above Financial Results for the period ended 30th June, 2026.
3. The Company has adopted Indian Accounting Standard (Ind AS) for the financial year commencing from 1st April 2019 and above results have been prepared in accordance with Ind AS as prescribed under section 133 of the Companies Act, 2013 and read with relevant rules made thereunder.
4. The figures of Quarter ended 31st March, 2026 are the balancing figures between full year ended and nine months ended for comparative year respectively.
5. The Company was hit by a ransomware cyber-attack on 3rd July, 2026 and all the financial data including backups were compromised and the company could not recover it. The Management is of the view that there is no financial loss due to this event.

The full format is also available on the website of the company i.e. www.mintola.co.in and BSE's and CSE's Website i.e. https://www.bseindia.com and www.cse-india.com.

**For Minolta Finance Limited**
**Sd/-**
**Arvind J. Gala**
**Chairman**
**DIN: 02392119**

**Place :** Mumbai
**Date :** 11.08.2026



## ASHIANA HOUSING LIMITED

Regd. Off. : 5F Everest, 46/C, Chowringhee Road, Kolkata - 700071
Head off. : 304, Southern Park, Saket District Centre, Saket, New Delhi - 110017, Telephone number : 011-4265 4265
Official E-mail : investorrelations@ashianahousing.com, Website : www.ashianahousing.com
CIN : L70109WB1986PLC040864

**STATEMENT OF STANDALONE AND CONSOLIDATED UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER ENDED 30TH JUNE, 2026**

(INR in Lakhs except EPS)

| Sl. No. | Particulars | STANDALONE | | | | CONSOLIDATED | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | Quarter ended 30.06.2026 (Unaudited) | Quarter ended 31.03.2026 (Audited) | Quarter ended 30.06.2025 (Unaudited) | Year ended 31.03.2026 (Audited) | Quarter ended 30.06.2026 (Unaudited) | Quarter ended 31.03.2026 (Audited) | Quarter ended 30.06.2025 (Unaudited) | Year ended 31.03.2026 (Audited) |
| 1 | Total Income From Operations | 9,469 | 31,259 | 28,284 | 1,10,958 | 11,976 | 33,518 | 30,272 | 1,18,743 |
| 2 | Net Profit/(Loss) For The Period (Before Tax, Exceptional And /Or Extraordinary Items) | 1,641 | 2,966 | 1,774 | 16,510 | 1,630 | 2,870 | 1,805 | 15,896 |
| 3 | Net Profit/(Loss) For The Period Before Tax (After Exceptional And /Or Extraordinary Items) | 1,641 | 2,966 | 1,774 | 16,510 | 1,630 | 2,870 | 1,805 | 15,896 |
| 4 | Net Profit/(Loss) For The Period After Tax (After Exceptional And /Or Extraordinary Items) | 1,310 | 2,173 | 1,277 | 12,362 | 1,311 | 2,098 | 1,272 | 11,789 |
| 5 | Total Comprehensive Income For The Period [Comprising Profit / (Loss) For The Period (After Tax) And Other Comprehensive Income (After Tax)] | 1,351 | 2,256 | 1,319 | 12,565 | 1,365 | 2,210 | 1,327 | 12,056 |
| 6 | Equity Share Capital | 2,010 | 2,010 | 2,010 | 2,010 | 2,010 | 2,010 | 2,010 | 2,010 |
| 7 | Other Equity (excluding Revaluation Reserves, Securities Premium Account and Capital Redemption Reserve) | 71,455 | 70,103 | 61,370 | 70,103 | 70,906 | 69,541 | 61,313 | 69,541 |
| 8 | Securities Premium Account | 14,359 | 14,359 | 14,359 | 14,359 | 14,359 | 14,359 | 14,359 | 14,359 |
| 9 | Networth | 87,861 | 86,510 | 77,776 | 86,510 | 87,312 | 85,947 | 77,719 | 85,947 |
| 10 | Paid up Debt Capital/ Outstanding Debt | 28,752 | 29,365 | 23,378 | 29,365 | 28,752 | 29,365 | 23,378 | 29,365 |
| 11 | Debt Equity Ratio | 0.33 | 0.35 | 0.31 | 0.35 | 0.33 | 0.36 | 0.31 | 0.36 |
| 12 | Earnings Per Share (Of Rs. 2/- Each) Basic And Diluted | 1.34 | 2.24 | 1.30 | 12.50 | 1.36 | 2.20 | 1.31 | 11.99 |
| 13 | Capital Redemption Reserve* | 37.00 | 37.00 | 37.00 | 37.00 | 37.00 | 37.00 | 37.00 | 37.00 |
| 14 | Debt Service Coverage Ratio | 0.62 | 0.78 | 2.75 | 2.04 | 0.62 | 0.76 | 2.78 | 1.99 |
| 15 | Interest Service Coverage Ratio | 2.66 | 3.29 | 3.03 | 3.13 | 2.65 | 3.22 | 3.06 | 3.05 |
| 16 | Security Cover available | 4.11 | 3.92 | 4.30 | 3.92 | 4.31 | 4.11 | 4.52 | 4.11 |
| 17 | Current Ratio | 1.31 | 1.33 | 1.37 | 1.33 | 1.31 | 1.33 | 1.37 | 1.33 |
| 18 | Long Term Debt to Working Capital Ratio | 0.28 | 0.29 | 0.27 | 0.29 | 0.27 | 0.28 | 0.27 | 0.28 |
| 19 | Bad Debts to Accounts Receivable Ratio | - | - | - | - | - | - | - | - |
| 20 | Current Liability Ratio | 0.92 | 0.91 | 0.90 | 0.91 | 0.91 | 0.90 | 0.88 | 0.90 |
| 21 | Total Debts to Total Assets Ratio | 0.07 | 0.07 | 0.07 | 0.07 | 0.06 | 0.07 | 0.07 | 0.07 |
| 22 | Debtors Turnover Ratio | - | - | - | - | - | - | - | - |
| 23 | Inventory Turnover Ratio | 0.02 | 0.31 | 0.10 | 0.31 | 0.02 | 0.33 | 0.10 | 0.33 |
| 24 | Operating Margin (%) | 27.77% | 13.63% | 9.37% | 21.86% | 21.87% | 12.42% | 8.85% | 19.91% |
| 25 | Net Profit Margin (%) | 13.83% | 6.95% | 4.51% | 11.14% | 10.94% | 6.26% | 4.20% | 9.93% |

**Notes :**

1) The Unaudited Standalone and Consolidated Financial Results for the Quarter ended 30th June, 2026 have been reviewed by the Audit Committee in its meeting held on 10th August 2026, and approved by the Board of Directors in their meeting held on 11th August, 2026.
2) The above results are an extract of the detailed format of the Financial Results for Quarter ended 30th June, 2026 filed with stock exchanges pursuant to Regulation 33 & 52 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of both these results, standalone and consolidated, are available on the stock exchange website(s) of NSE at **www.nseindia.com**, and of BSE at **www.bseindia.com** and on Company's website at **www.ashianahousing.com**
3) All the line items referred in Regulation 52(4) and 54(3) of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, the pertinent disclosures have been reproduced here.
4) These results have been prepared in accordance with IND AS as prescribed under Companies Act, 2013.
5) The Company does not have any preference shares.
* The requirement of creating Debenture Redemption Reserve is not applicable on the company as per MCA notification number G.S.R. 574 (E) dated 16th August 2019. Further, the maintenance of Capital Redemption Reserve (CRR) is not applicable on the company for the quarter ended 30th June 2026. The CRR amount appearing above is in respect of buy-back of equity shares of the Company completed in August 2023.

**For and on Behalf of the Board**
**Ashiana Housing Limited**
**ANKUR GUPTA**
**(JOINT MANAGING DIRECTOR)**
**DIN: 00059884**

**Place : New Delhi**
**Date : 12th August, 2026**



## সাহারা হাউজিংফিনা কর্পোরেশন লিমিটেড

SAHARA HOSFINAS

CIN : L18100WB1991PLC099782
**রেজিস্টার্ড ও কর্পোরেট অফিস :** ৪৬, ড. সুন্দরী মোহন অ্যাভিনিউ, কলকাতা - ৭০০ ০১৪
**ফোন :** +৯১ ৩৩ ২২৮৯০১৪৮/৬৭০৮
**ওয়েবসাইট :** www.saharahousingfina.com; **ইমেল :** info.saharahousingfina@gmail.com

**৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলাফলের সারসংক্ষেপ**

(ইপিএস ব্যতীত লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | ত্রৈমাসিক সমাপ্ত | | | বছর সমাপ্ত |
|---|---|---|---|---|---|
| | | ৩০.০৬.২০২৬ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) | ৩০.০৬.২০২৫ (অনিরীক্ষিত) | ৩১.০৩.২০২৬ (নিরীক্ষিত) |
| ১. | মোট আয় | ১৬৫.৬৬ | ১৮৭.৪৬ | ১৭৫.১৪ | ৭১৬.৮৩ |
| ২. | কর এবং ব্যতিক্রমি বিষয়গুলির পূর্ববর্তী সময়কাল/বছরের নিট লাভ | ১৭.১৭ | ৮.১৪ | ২৪.৯৭ | ৩৯.৭২ |
| ৩. | কর পূর্ববর্তী কিন্তু ব্যতিক্রমি বিষয়গুলির পরবর্তী সময়কাল/বছরের নিট লাভ | ১৭.১৭ | ৮.১৪ | ২৪.৯৭ | ৩৯.৭২ |
| ৪. | কর এবং ব্যতিক্রমি বিষয়গুলির পরবর্তী সময়কাল/বছরের নিট লাভ | ১৬.৬০ | ৭.৪৪ | ২১.২৬ | ৩৪.৩৯ |
| ৫. | সময়কাল/বছরের মোট সমন্বিত আয় [সময়কাল/বছরের নিট লাভ এবং অন্যান্য সমন্বিত আয় সম্বলিত] | ১৮.৫৯ | ১৪.৩৬ | ২১.৬১ | ৪২.৩৬ |
| ৬. | পরিশোধিত ইক্যুইটি শেয়ার মূলধন (ফেস ভ্যালু ₹ ১০/- প্রতি শেয়ার) | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ | ৭০০.০০ |
| ৭. | প্রতি শেয়ারে আয় (ইপিএস)(₹-এ)(বার্ষিকীকরণ না করা) | | | | |
| | ক) মৌলিক (₹) | ০.২৪ | ০.১১ | ০.৩০ | ০.৪৯ |
| | খ) মিশ্রিত (₹) | ০.২৪ | ০.১১ | ০.৩০ | ০.৪৯ |

**দ্রষ্টব্য :**

১. উপরোক্ত আর্থিক ফলাফলগুলি অডিট কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ১২ আগস্ট, ২০২৬ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় পরিচালনা পর্ষদ (বোর্ড অফ ডিরেক্টরস) দ্বারা অনুমোদিত হয়েছে এবং কোম্পানির সংবিধিবদ্ধ নিরীক্ষকদের (স্ট্যাচুটরি অডিটরস) দ্বারা সীমিত পর্যালোচনার অধীনে রয়েছে।
২. উপরোক্ত তথ্যটি এসইবিআই (লিস্টিং ওবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৩৩-এর অধীনে স্টক এক্সচেঞ্জগুলিতে দাখিল করা ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক আর্থিক ফলাফলের বিস্তারিত ফর্ম্যাটের একটি সারসংক্ষেপ। ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সম্পূর্ণ ফর্ম্যাট স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইট www.saharahousingfina.com-এ উপলব্ধ।
৩. এই আর্থিক ফলাফলগুলি কোম্পানি আইন ২০১৩-এর ধারা ১৩৩-এর অধীনে নির্ধারিত ইন্ডিয়ান অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্স ("ইন্ড এএস") এবং প্রাসঙ্গিক নিয়মাবলী এবং ভারতে সাধারণ গ্রহণযোগ্য অন্যান্য অ্যাকাউন্টিং নীতিগুলি অনুসারে প্রস্তুত করা হয়েছে।
৪. ৩০ জুন, ২০২৬ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সাথে সামঞ্জস্য রেখে যেখানে প্রয়োজন আগের বছর / সময়কালের পরিসংখ্যানগুলি পুনরায় প্রকাশ / পুনর্গঠন / পুনরায় শ্রেণীবদ্ধ করা হয়েছে।

**সাহারা হাউজিংফিনা কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে**
**সাধন সরকার**
**চেয়ারম্যান**
**DIN - 10519231**

**স্থান : কলকাতা**
**তারিখ : ১২ আগস্ট, ২০২৬**

সাময়িকী


বৃহস্পতিবার ● ১৩ আগস্ট ২০২৬ ● পেজ ৮

# ‘শব্দলোক’-এ ভারতের স্বাধীনতা আন্দোলনের ঝলক

অশোক সেনগুপ্ত



প্রায় ৩০ একর জমির ওপর মনোরম বেলভেডিয়র হাউস তৈরি হয়েছিল ১৭৩৪ সালে। সেখানেই ‘শব্দলোক’-এ ভারতের স্বাধীনতা আন্দোলনের ঝলক।



মনুষ্যসভ্যতার আদি যুগ থেকে বর্তমান কাল পর্যন্ত হরেক রকম লিখিত শব্দের উদ্ভব ও বিবর্তনের আলেখ্য।

সামনেই ভারতের ৮০-তম স্বাধীনতা দিবস। গত ২১ জুলাই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী-সহ একাধিক বিশিষ্টের উপস্থিতিতে জাতীয় গ্রন্থাগারের বেলভেডিয়ার হাউসে উদ্বোধন করলেন ‘মিউজিয়াম অফ ওয়ার্ড’, বাংলায় এটির নাম দেওয়া হয়েছে ‘শব্দলোক’।

বিশালাকার ও উন্নত মানের এই সংগ্রহশালায় আছে মনুষ্যসভ্যতার আদি যুগ থেকে বর্তমান কাল পর্যন্ত হরেক রকম লিখিত শব্দের উদ্ভব ও বিবর্তনের আলেখ্য। তালপাতার পুঁথি থেকে নৃত্যগীত, রবিশঙ্কর-কৃত দূরদর্শনের অনুষ্ঠান শুরুর মূর্চ্ছণা; অনেক কিছু। এর মধ্যে রয়েছে ভারতের স্বাধীনতা আন্দোলনে মুদ্রিত শব্দের ঝলকও।

সম্পূর্ণ প্রযুক্তিনির্ভর এবং দেশের প্রথম শব্দ সংগ্রহশালা এই ‘শব্দলোক’ অর্থাৎ ‘মিউজিয়াম অফ ওয়ার্ড’। ভার্চুয়াল রিয়েলিটি ও অগমেন্টেড রিয়েলিটি-র মতো প্রযুক্তির মাধ্যমে শব্দ ও ভাষার ইতিহাস দেখানো হয়েছে এখানে।

শব্দের বিবর্তন, অর্থাৎ, একটি শব্দ হাজার বছর আগে কেমন উচ্চারিত হতো এবং সময়ের সঙ্গে তার ধ্বনি ও অর্থ কীভাবে বদলেছে, তা এখানে আপনি শুনতে ও বুঝতে পারবেন। দেখতে দেখতে চোখে পড়ল একটি অংশ, যেখানে প্রদর্শিত হয়েছে ভারতের স্বাধীনতা আন্দোলনে মুদ্রিত শব্দের ঝলক।

’দ্য ক্যালকাটা জার্নাল’ ছিল ব্রিটিশ ভারতের একটি সুপরিচিত সংবাদপত্র। ১৮১৮ সালের ২রা অক্টোবর সাংবাদিক জেমস সিল্ক বাকিংহাম এটি প্রতিষ্ঠা করেন। ১৮১৯ সালে এটি ভারতের দৈনিক সংবাদপত্রে পরিণত হয়। সংবাদপত্রের স্বাধীনতা ওকালতি, প্রশাসনিক দুর্নীতি উন্মোচন এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানির একচেটিয়া বাণিজ্যের বিরুদ্ধে সোচ্চার হওয়ার জন্য এটি পরিচিত ছিল। এতে স্থানীয় ভারতীয় পরিস্থিতি, বিশ্বসংবাদ, সাহিত্য এবং সরকারি নীতিমালার কঠোর সমালোচনা করা হত। দমন-পীড়ন ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে তীব্র সমালোচনার জেরে, তৎকালীন ভারপ্রাপ্ত গভর্নর-জেনারেল জন অ্যাডাম বাকিংহামের লাইসেন্স বাতিল করে তাঁকে ভারত থেকে বহিষ্কার করেন; এর ফলে ১৮২৩ সালের ২৬শে এপ্রিল পত্রিকাটির প্রকাশনা বন্ধ হয়ে যায়।

প্রদর্শশালায় রয়েছে ‘সোমপ্রকাশ’। উনবিংশ শতকের একটি বিখ্যাত সাপ্তাহিক এই বাংলা সংবাদপত্র প্রকাশ করেছিলেন দ্বারকানাথ বিদ্যাভূষণ। এটির পরিকল্পনায় ছিল ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের। এটি ১৫ নভেম্বর ১৮৫৮ সালে (১ অগ্রহায়ণ, ১২৬৫ বঙ্গাব্দ) প্রথম প্রকাশিত হয়। প্রতি সোমবারে প্রকাশিত হতো বলে এর নাম রাখা হয় সোমপ্রকাশ।

এটি ছিল রাজনৈতিক আলোচনায় মুখর প্রথম বাংলা সংবাদপত্র। নীলকরদের অত্যাচারের বিরুদ্ধে এবং কৃষকদের পক্ষে এটি জোরালো ভূমিকা পালন করে। ব্রিটিশ নীতির বিরুদ্ধে তীব্র সমালোচনা ও প্রতিবাদের মাধ্যমে সাধারণ মানুষকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করে এই পত্রিকা। সরকারি দমনপীড়নের শিকার হতে হয়েছিল পত্রিকাটিকে। লর্ড লিটনের দেশীয় বর্ণমালা সংবাদপত্র আইন ()ত্রন:খত্বঙ্স্তুন ঞ্চন্ত্রন্স্ব ঙত্বষ্ঠ, ১৮৭৮) অনুযায়ী ব্রিটিশ সরকার এই পত্রিকার প্রকাশনা বন্ধ করে দেয়।

এ রকমই প্রদর্শিত হয়েছে ভারতের স্বাধীনতা সংগ্রামে ‘কেশরী’-র সংস্করণ। বাল গঙ্গাধর তিলক, গোপাল গণেশ আগরকর ও বিষ্ণুশাস্ত্রীর উদ্যোগে এটি শুরু হয়। ১৮৮১ সালের ৪ঠা জানুয়ারি পুণে থেকে প্রথম প্রকাশিত হয় ঐতিহাসিক মারাঠি সংবাদপত্রটি। ব্রিটিশ বিরোধী জাতীয়তাবাদী চেতনা জাগাতে এবং ‘স্বরাজ’ ও ‘স্বদেশী’ আন্দোলনের প্রচারে প্রধান মুখপত্র হিসেবে এটি কাজ করেছিল। রাষ্ট্রদ্রোহ মামলা উগ্র ও স্পষ্ট লেখার জন্য ব্রিটিশ সরকার তিলককে একাধিকবার রাষ্ট্রদ্রোহী ঘোষণা করে কারাদণ্ড দেয়। স্বাধীনতা সংগ্রামী লালা লাজপত রায় ‘পাঞ্জাব কেশরী’ উপাধিতে ভূষিত হন।


হিন্দুস্তান টাইমস ছিল ভারতের একটি প্রধান ইংরেজি দৈনিক সংবাদপত্র। ১৯২৪ সালে স্বাধীনতা আন্দোলনের সময় এটি প্রতিষ্ঠিত হয়। মহাত্মা গান্ধী এর উদ্বোধন করেছিলেন। পরে এটি ভারতের অন্যতম বৃহৎ মিডিয়া সংস্থা এইচটি মিডিয়া লিমিটেডের অধীনে প্রকাশিত হয়। এর প্রধান কার্যালয় নতুন দিল্লিতে অবস্থিত।

মহাত্মা গান্ধী ভারতের দলিত বা পিছিয়ে পড়া সম্প্রদায়কে ভালোবেসে ‘হরিজন’ নাম দেন, যার অর্থ ‘ঈশ্বরের সন্তান’। তিনি অস্পৃশ্যতা দূর করতে, সমাজ সংস্কার করতে এবং এই পিছিয়ে পড়া মানুষদের উন্নয়নে ১৯৩২ সালে ‘হরিজন সেবক সংঘ’ এবং অচিরেই সালে ‘হরিজন’ নামে সাপ্তাহিক পত্রিকা চালু করেন।

১৯৩৩ সালের ১১ ফেব্রুয়ারি মহাত্মা গান্ধী ‘হরিজন’ (ইংরেজি), ‘হরিজন সেবক’ (হিন্দি) ও ‘হরিজন বন্ধু’ (গুজরাটি) পত্রিকা প্রকাশ শুরু করেন। এর মাধ্যমে তিনি সমাজ সংস্কার ও সমতার বার্তা ছড়াতেন।

দেখার সুযোগ পেলাম ‘দি বম্বে ক্রনিক্যাল’-এর সংস্করণ। প্রাক-স্বাধীন ভারতের মুম্বাই থেকে প্রকাশিত এই প্রভাবশালী ইংরেজি ভাষার জাতীয়তাবাদী সংবাদপত্র। ১৯১০ সালে বিশিষ্ট আইনজীবী ও জাতীয় কংগ্রেসের নেতা স্যার ফিরোজশাহ মেহতা এটি প্রতিষ্ঠা করেন। ১৯১৩ সালে এর প্রকাশনা শুরু হয়। ব্রিটিশ বিরোধী আন্দোলন ও রাজনৈতিক সচেতনতা বৃদ্ধিতে এই পত্রিকাটির ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ।

১৯১৩ থেকে ১৯১৯ সাল পর্যন্ত বিখ্যাত সাংবাদিক বি. জি. হর্নিম্যান এর প্রধান সম্পাদক ছিলেন। পরবর্তীতে মারমাদুক পিকথাল-এর মতো বিশিষ্ট ব্যক্তিরাও এর সম্পাদনা করেছেন। এটি ভারতের স্বাধীনতা আন্দোলন, স্বরাজ্য গঠন এবং বিভিন্ন রাজনৈতিক উত্থান-পতনের সঠিক তথ্য ও জাতীয়তাবাদী মতামত তুলে ধরেছিল। দীর্ঘ সময় চলার পর ১৯৫৯ সালে এই ঐতিহাসিক সংবাদপত্রটির প্রকাশনা চিরতরে বন্ধ হয়ে যায়।







‘স্বাধীনতার স্বপক্ষে আখ্যান’ শিরোনামে আছে পাঁচ নারীর সচিত্র কথা।

ভারতের অন্যতম প্রাচীন ও প্রভাবশালী জাতীয়তাবাদী দৈনিক অমৃতবাজার পত্রিকার সংস্করণও রয়েছে প্রদর্শনীতে। ১৮৬৮ সালের ২০ ফেব্রুয়ারি যশোরের মাগুরা জেলার অমৃতবাজার গ্রামে শিশির কুমার ঘোষ ও মতিলাল ঘোষ এটি প্রতিষ্ঠা করেন। শুরুতে এটি বাংলা সাপ্তাহিক হিসেবে প্রকাশিত হলেও ১৮৭৮ সালে ‘ভার্নাকুলার প্রেস অ্যাক্ট ‘এড়াতে এটি রাতারাতি ইংরেজি সংবাদপত্রে রূপান্তরিত হয়।

পত্রিকাটি বাংলা থেকে ইংরেজিতে হয় ১৮৭৮ সাল থেকে)। স্বাধীনতা সংগ্রাম ব্রিটিশ সরকারের দমন-পীড়ন ও সেন্সরশিপের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানিয়ে এটি জাতীয় আন্দোলনকে জোরালো করেছিল। ১৯০৫ সালের বঙ্গভঙ্গ আন্দোলনের সময় লর্ড কার্জন ও ব্রিটিশ নীতির কড়া সমালোচনা করে এটি প্রধান ভূমিকা পালন করেছিল। দীর্ঘ ১২৩ বছর চলার পর ১৯৯১ সালে এর প্রকাশনা চিরতরে বন্ধ হয়ে যায়।

প্রদর্শশালায় আছে ‘বন্দেমাতরম’ পত্রিকা’-র একাধিক সংখ্যা। ব্রিটিশ ভারতের স্বাধীনতা আন্দোলনের সময় প্রকাশিত অত্যন্ত প্রভাবশালী ইংরেজি ভাষার সংবাদপত্র ছিল এটি। ১৯০৬ সালের ৬ আগস্ট কলকাতা থেকে বিপিন চন্দ্র পাল এটি প্রথম প্রকাশ করেন। এর মূল সম্পাদক ছিলেন শ্রী অরবিন্দ ঘোষ। পত্রিকাটি ভারতের পূর্ণ স্বরাজ ও চরমপন্থী জাতীয়তাবাদের আদর্শ প্রচার করেছিল।

১৯০৫ সালে পরিকল্পনা ও ১৯০৬ সালের ৬ আগস্ট প্রকাশ। এটি সে সমরকার রাজনৈতিক পরিমণ্ডলে দারুণ প্রভাব ফেলেছিল। মূল লক্ষ্য ছিল স্বদেশী আন্দোলন, বয়কট, ন প্রতিরোধ এবং ব্রিটিশ শাসন থেকে ভারতের পূর্ণ স্বাধীনতা অর্জন। পরবর্তীতে ১৯০৯ সালে মাদাম কামার সম্পাদনায় প্যারিস থেকেও ‘বন্দে মাতরম’ নামে আরেকটি বিপ্লবী জাতীয়তাবাদী পত্রিকা প্রকাশিত হয়। প্রসঙ্গত, এর অনেক আগেই ঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখা মূল ‘বন্দে মাতরম’ গানটি প্রথম ১৮৭৫ সালে (হেমন্তকাল, ১২৮২ বঙ্গাব্দের কার্তিক) বঙ্গদর্শন পত্রিকায় প্রকাশিত হয়েছিল।





ভারতের সংবিধান তৈরির উপলক্ষ, বাংলা-ইংরেজি ও হিন্দিতে।

কাঁচের শোকেসে রয়েছে ‘ডেলি হেরাল্ড’-এ জওহরলাল নেহরুর লেখা ‘এক্সপ্লয়েটেশন অফ ইন্ডিয়া’। এটি সংগৃহিত হয়েছে নয়াদিল্লির নেহরু মেমোরিয়াল মিউজিয়াম থেকে। ১৯২৯-এর ৩ অক্টোবর প্রকাশিত ‘ইয়ং ইন্ডিয়া’-ও রয়েছে। এটি কলকাতার জাতীয় গ্রন্থাগারের সৌজন্যে প্রাপ্ত।

ওই অংশেই অপর একটি কাচের বাক্সে রয়েছে নেতাজী সুভাষচন্দ্র বসুর তিনটি ছবি, ‘হিন্দুস্থান সোস্যালিস্ট রিপাবলি আর্মি’-এর বিজ্ঞপ্তি, মহাত্মা গান্ধীর সত্যাগ্রহ গীতার প্রচারপত্র প্রভৃতি।

পৃথক বড় ফলকে রয়েছে ব্রিটিশ আমলে নিষিদ্ধ বিভিন্ন পত্রপত্রিকা, সাময়িকি, বই প্রভৃতির কথা ও ছবি। ওই ব্লকে কাঁচের শো কেসে আছে এরকমই নিষিদ্ধ একাধিক মূল সংকলন।


একটি ফলকে ‘স্বাধীনতার স্বপক্ষে আখ্যান’ শিরোনামে আছে পাঁচ নারীর সচিত্র কথা। এঁরা হলেন রামেশ্বরী নেহরু, পণ্ডিতা রামাবাই, সরোজিনী নাইডু, তারাবাই শিন্ডে ও রাসসুন্দরী দেবী। স্বাধীনতা সংগ্রামের সঙ্গে প্রত্যক্ষ সম্পর্ক না থাকলেও নানা ক্ষেত্রে এঁদের বিশেষ অবদান ছিল। একটি বড় বোর্ডে প্রদর্শিত হয়েছে স্বাধীনতার পর ভারতের সংবিধান তৈরির উপলক্ষ, বাংলা-ইংরেজি ও হিন্দিতে।

প্রসঙ্গত, বিরল পাণ্ডুলিপি, তাম্রলিপি, আদিবাসী শিল্পকর্ম, পুরোনো মুদ্রা এবং প্রাচীন লিপির মডেল রয়েছে এখানে। প্রথম পর্যায়ে ভারতের সংবিধান স্বীকৃত ২২টি ভাষার ইতিহাস তুলে ধরা হয়েছে। ভাষা ও শব্দের এই অজানাকে জানার জন্য এটি একটি দারুণ সংগ্রহশালা।

প্রসঙ্গত, ইতালিয় ভাষায় ‘বেলভেডিয়ার’ কথাটির অর্থ মনোরম। প্রায় ৩০ একর জমির ওপর মনোরম বেলভেডিয়র হাউস তৈরি হয়েছিল ১৭৩৪ সালে। রূপকথার চাদরের মতো অনেক কথা জড়িয়ে আছে ওই প্রাসাদের সঙ্গে। আগে এই ভবনে থাকতেন অবিভক্ত ভারতের গভর্নর জেনারেল। ১৮৫৪ সালে তৈরি কলকাতার রাজভবন (অধুনা লোকভবন) গভর্নর জেনারেলের সরকারি নিবাস হওয়ার পর বেলভেডিয়র হাউস হ’ল বাংলার লেফটেনান্ট জেনারেলের নিবাস।

প্রসঙ্গত, স্বাধীনতার পর ভারতের প্রথম গভর্নর জেনারেল সি রাজাগোপালাচারী আঠারো শতকে কলকাতায় অনুপম এই স্থাপত্যে কিছুকাল ছিলেন। ১৯৪৮ সালে ভারতের প্রথম শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদের উদ্যোগে এটি জাতীয় গ্রন্থাগারে রূপান্তর করা হয়। বেশ কিছুকাল হল গ্রন্থাগার স্থানান্তরিত হয়েছে ওই চত্বরেই অপর একটি ভবনে। ওই রকম মনোরম একটা প্রাসাদের ভোল বদল করে তৈরি হয়েছে ভারতের প্রথম ‘মিউজিয়াম অফ ওয়ার্ড’। এককথায় অনন্য। সত্যিকারের গর্ব করার মতো উপহার। পরিকল্পনা, বিন্যাস, পরিবেশ; সব কিছুর নিরিখেই। সোমবার বন্ধ। ওটা সরকারিভাবে খোলা থাকার কথা ১০-৬টা। কিন্তু যাবেন যথেষ্ঠ সময় হাতে নিয়ে, সাড়ে ১০টা থেকে সাড়ে চারটের মধ্যে। দেশবিদেশের বহু সংগ্রহশালা দেখেছি।

কিন্তু এই বিষয়ের ওপর এত সুন্দর সংগ্রহশালা আর আছে কিনা সন্দেহ। দেখার চোখ আর বোঝার মন নিয়ে অনেকক্ষণ দেখেও মনে হল অন্তর্নিহিত সিংহভাগই দেখা হ’ল না। ভাবনার গভীরতা দেখে প্রকৃতই মুগ্ধ হয়েছি। ১৬ আগস্ট থেকে প্রবেশমূল্য হবে মাথাপিছু ৭৫ টাকা। তার আগে পর্যন্ত টিকিট লাগলেও তার জন্য টাকা লাগবে না।




ভার্চুয়াল রিয়েলিটি ও অগমেন্টেড রিয়েলিটি-র মতো প্রযুক্তির মাধ্যমে শব্দ ও ভাষার ইতিহাস দেখানো হয়েছে এখানে।




প্রদর্শিত হয়েছে ভারতের স্বাধীনতা আন্দোলনে মুদ্রিত শব্দের ঝলক। রয়েছে বাংলার ‘সোমপ্রকাশ’।




হিন্দুস্তান টাইমস-এর উদ্বোধন করেছিলেন মহাত্মা গান্ধী। ভারতের অন্যতম প্রাচীন ও প্রভাবশালী জাতীয়তাবাদী দৈনিক অমৃতবাজার পত্রিকার সংস্করণও রয়েছে।




দেখার চোখ আর বোঝার মন নিয়ে অনেকক্ষণ দেখেও মনে হল অন্তর্নিহিত সিংহভাগই দেখা হ’ল না।